শ্রীশ্রী জগদ্ধাত্রী
পূজা পদ্ধতি
শ্রীবামদেব ভট্টাচার্য্য এম এ
(সর্বদর্শনাচার্য)

শ্রীশ্রীজগদ্ধাত্রীপূজা পদ্ধতি

[আদি, আসল, নির্ভুল, পুষ্পাঞ্জলি মন্ত্র, প্রণাম মন্ত্র, ফর্দ্দমালা ও মুদ্রাদির চিত্রসহ বরাতবিহীন পুঁথি]

কলকাতা যাদবপুর বিশ্ববিদ্যালয়ের দর্শনশাস্ত্রের অধ্যাপক

পণ্ডিত শ্রীবামদেব ভট্টাচার্য, এম. এ.

সর্ব্বদর্শনাচার্য্য, কাব্য-ব্যাকরণ-তর্ক-বেদান্ততীর্থ, সাহিত্যবারিধি প্রণীত

কলকাতা দাক্ষায়ণী চতুষ্পাঠীর অধ্যাপক শ্রীসুধাংশুশেখর চট্টোপাধ্যায় কাব্যস্মৃতিতীর্থ মীমাংসা জ্যোতিঃশাস্ত্রী কর্ত্তৃক সম্পূর্ণরূপে পরিবর্দ্ধিত ও পরিমার্জ্জিত।

ভূমিকা

পরম দয়াময় জগদীশ্বরের কৃপায় শ্রীশ্রীজগদ্ধাত্রীপূজা পদ্ধতি প্রকাশিত হইল। তন্ত্র ও মন্ত্রের প্রকৃতি অতি জটিল। বৈদিক পূজা ও তান্ত্রিক পূজা পদ্ধতিতেও পৃথক। বহু তন্ত্র ও তন্ত্রের প্রামাণিক গ্রন্থ সকল অনুসন্ধান করিয়া নির্ভুলতার পথে গমন করিতে চেষ্টা করিয়াছি। তন্ত্রের পদ্ধতি অতি দুরূহ সংস্কৃতে লিখিত। সেই সংস্কৃত স্রোতধারা বাংলা ভাষায় ও তাহার করণ কারণগুলি বাংলা ভাষায় লিপিবদ্ধ করিয়াছি। যাহাতে অতি সাধারণ পূজক সম্প্রদায় ও যজমান পূজার জটিল তত্ত্বগুলি সহজেই অনুধাবন করিতে পারে। জানি না সেই দুষ্কর ব্রতে ব্রতী হইয়া সাফল্যলাভ করিয়াছি কিনা। কিন্তু ইহাতে যদি কাহারও কোন উপকার সাধিত হয়, তবে নিজেকে কৃতার্থ মনে করিতে পারি।

ইতি—

শ্রীবামদেব ভট্টাচার্য্য এম.এ.

সূচীপত্র

॥ সূচীপত্র সমাপ্ত ॥

ফর্দ্দমালা

সিদ্ধি, সিন্দূর, গুরুবরণ, পূজকবরণ, তন্ত্রধারক বরণ, চণ্ডীপাঠক বরণ, বরণাঙ্গুরীয় ৪, পৈতা ১১। বরণডালা, কৃষ্ণতিল, যব, হরিতকী, কুশ, পঞ্চগুঁড়ি, পঞ্চগব্য, পঞ্চরত্ন, পঞ্চশস্য, পঞ্চপল্লব, ঘট, সশীষ ডাব, একসরা আতপচাউল, কুণ্ডহাঁড়ী, তেকাঠা, দর্পণ, তীরকাঠি ৪, ঘটাচ্ছাদনী গামছা, মূলপূজার শাড়ী ৩ বা পট্টবস্ত্র শাড়ী ৩, বিষ্ণুর ধুতি ১, নীলকণ্ঠ শিবের ধুতি ৩, নারদের ধুতি ১, সিংহের ধুতি ১, হস্তীর ধুতি ১, আসনাঙ্গুরীয় ১০ দফা, মূল নৈবেদ্য ৩, মাঝারী নৈবেদ্য ১২, কুচা নৈবেদ্য ৩, চাঁদমালা ৩, পুষ্পমাল্য ৩, বিল্বপত্রমাল্য ৩, পুষ্প, তুলসী, দূর্ব্বা, বিল্বপত্র, থালা ৬টি, ঘট ৬টি, নথ ১, সিন্দূর চুবড়ী ৩, দধি, মধু, চিনি, রচনা ৩, মোদক হাঁড়ী ৩, শাঁখা ৩ জোড়া, আলতা ৩ জোড়া, শয্যাদ্রব্য ৩ প্রস্থ, অভাবে একপ্রস্থ। হোমের দ্রব্যাদি—বালি, কাঠ, গব্যঘৃত, বিল্বপত্র ১০৮, পান, পানের মশলা, পূর্ণপাত্র ৩ দফা, মিষ্টান্নাদি। বিসর্জ্জনের দ্রব্যাদি—দধি, খই, মুড়কি, চিড়া, সন্দেশ।

ফর্দ্দমালা সমাপ্ত

শ্রীশ্রীগণেশায় নমঃ

শ্রীশ্রীজগদ্ধাত্রীপূজা পদ্ধতি

পূজক স্নান সন্ধ্যা প্রভৃতি নিত্যক্রিয়া সমাপন করিয়া শুদ্ধ আসনে উপবেশন করিয়া উত্তরমুখে বা পূর্ব্বমুখে আচমন করিবে। (সমস্ত কার্য্য আরম্ভ করিতে প্রথমে দুইবার আচমন করিতে হইবে। এই আচমন দুই প্রকার। বৈদিক আচমন ও তান্ত্রিক আচমন। বৈদিক পূজায় বৈদিক আচমন ও তান্ত্রিক পূজায় অর্থাৎ কালী, জগদ্ধাত্রী ও অন্নপূর্ণা পূজায় প্রথমে বৈদিক আচমন ও বিষ্ণুস্মরণ করিয়া তান্ত্রিক আচমন বিধেয়।)

● আচমন—ডান হাতের তালু গোকর্ণাকৃতি করিয়া তাহাতে মাষকলাই ডুবিয়া যায় এইরূপ জল লইয়া ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ বলিয়া প্রতিবার এক গণ্ডুষ জলপান করিবে। তারপর মুখাদির মার্জ্জনা করিবে। বৃদ্ধ অঙ্গুষ্ঠের মূলদ্বারা মুখ মার্জ্জন, অঙ্গুষ্ঠ, তর্জ্জনী ও মধ্যমা দ্বারা মুখ স্পর্শ, অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা দুই নাসাপুট, অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা দুই চক্ষু ও দুই কর্ণ স্পর্শ করিবে। পরে কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠ দ্বারা নাভি স্পর্শ করিয়া হাত ধুইয়া লইবে। করতল দ্বারা বক্ষঃ স্পর্শ ও সমস্ত অঙ্গুলীদ্বারা মস্তক শীর্ষ ও দুই বাহুমূল স্পর্শ করিয়া দুইহাত জোড় করিয়া—ওঁ তদ্‌বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ

দিবীব চক্ষুরাততম্।। তারপর ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণু ওঁ বিষ্ণুঃ বলিয়া পুনরায় আচমন করিবে। আচমনের পর হাত ধুইয়া জোড়হাতে নারায়ণাদির স্মরণ করিবে। মন্ত্র যথা—ওঁ সর্ব্বমঙ্গল মঙ্গল্যাং বরেণ্যং বরদং শুভম্। নারায়ণং নমস্কৃত্য সর্ব্বকর্ম্মাণি কারয়েৎ।। ওঁ মাধবো মাধবো বাঁচি মাধবো মাধবো হৃদি। স্মরন্তি সাধবো সর্ব্বে সর্ব্বকার্যেষু মাধবং।। ওঁ মাধবঃ ওঁ মাধবঃ ওঁ মাধবঃ।। ওঁ দেবেন্দ্র মৌলি মন্দার মকরন্দ কণারুণাঃ। বিঘ্নং হরন্তু হেরম্ব চরণাম্বুজ রেণবঃ।। ওঁ নমঃ শিবায় শান্তায় কারণত্রয় হেতবে। নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বরঃ।। ওঁ সর্ব্বমঙ্গল মঙ্গল্যে শিবে সর্ব্বার্থ সাধিকে। শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণি নমোহস্তুতে।।

● সূর্য্যার্ঘ্য দান—কুশীতে দূর্ব্বা, আতপচাল, জবাফুল, রক্তচন্দন, হরিতকী ও জল লইয়া দুই হাতে ধরিয়া পূর্ব্বমুখ হইয়া বসিয়া বলিবে—ওঁ নমো বিবস্বতে ব্রহ্মণ ভাস্বতে বিষ্ণুতেজসে জগৎ সবিত্রে সূচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে ইদম্ অর্ঘ্যং ওঁ নমো ভগবতে শ্রীসূর্য্যায় নমঃ।। এই মন্ত্রটি সামবেদীয়গণ বলিবে। অন্যান্য বেদীয়গণ—ওঁ এহি সূর্য্যঃ সহস্রাংশো তেজোরাশে জগৎপতে অনুকম্পয় মাং ভক্তং গৃহাণার্ঘ্যং দিবাকরঃ। এষো ওঁ নমো ভগবতে শ্রীসূর্য্যায় নমঃ।। বলিয়া কুশীস্থিত সকল দ্রব্য তামার টাটে ঢালিয়া দিবে। ওঁ জবাকুসুম সঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্। ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোহস্মি দিবাকরম্।। বলিয়া সূর্য্যের উদ্দেশ্যে প্রণাম করিবে।

● তান্ত্রিক আচমন—ডান হাতের তালুতে পূর্ব্বের আচমনের মত জল লইয়া বীরাসনে বসিয়া ওঁ আত্মতত্ত্বায় স্বাহা, ওঁ বিদ্যাতত্ত্বায় স্বাহা, ওঁ শিবতত্ত্বায় স্বাহা বলিয়া তিনবার আচমন করিবে।

● সামবেদীয় স্বস্তিবাচন—কুশীতে আতপচাল ও জল লইয়া পূজক ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শুভ শ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গাপূজা কর্ম্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু।। উপস্থিত ব্রাহ্মণগণ বা তন্ত্রধারকের জন্য নিযুক্ত ব্রাহ্মণ ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহং, ওঁ পুণ্যাহং বলিবে। পুনরায় পূজক ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শুভ শ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গাপূজা কর্ম্মণি ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু।। বলিলে পূর্ব্বের ন্যায় অপর ব্রাহ্মণগণ ওঁ স্বস্তিঃ ওঁ স্বস্তিঃ ওঁ স্বস্তিঃ বলিবে। পূজক পুনরায় ওঁ কর্ত্তব্যেঽস্মিন্ শুভ শ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গাপূজা কর্ম্মণি ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু।। বলিলে অন্যান্য ব্রাহ্মণগণ ওঁ ঋদ্ধ্যতাং ওঁ ঋদ্ধ্যতাং ওঁ ঋদ্ধ্যতাং বলিয়া কুশীর আতপচালগুলি হাতে লইয়া ওঁ সোমং রাজানং বরুণমগ্নিমন্বার ভামহে আদিতং বিষ্ণুং সূর্য্যং ব্রহ্মাণং চ বৃহস্পতিম্। ওঁ স্বস্তিঃ ওঁ স্বস্তিঃ ওঁ স্বস্তিঃ।। এই মন্ত্রটি তিনবার বলিবে ও হাতের আতপচালগুলি তাম্রটাটে ফেলিয়া দিবে। হাতজোড় করিয়া ওঁ সূর্য্যঃ সোমঃ যমঃ কালঃ সন্ধ্যে ভূতান্যহঃ ক্ষপা পবনো দিকপতির্ভূমিরাকাশং খচরামরাঃ ব্রাহ্মং শাসনমাস্থায় কল্পধ্বমিহ সন্নিধিম্। অয়ম আরম্ভঃ শুভায় ভবতু বলিবে।

● যজুর্ব্বেদীয় স্বস্তিবাচন—সামবেদীয় স্বস্তিবাচনের মত সমস্তই করিতে হইবে কেবল প্রথমে স্বস্তি, তাহার পর ঋদ্ধি ও শেষে পুণ্যাহ বাক্য বলিতে হয় ইহাই বিশেষ। স্বস্তিবাচনের শেষের ওঁ সোমং রাজানং মন্ত্রটি না বলিয়া ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্বদেবাঃ স্বস্তি নস্তার্ক্ষ্যোঽরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দ্দধাতু। এই মন্ত্রটি তিনবার এবং ওঁ গণানাং ত্বা গণপতি গুং হবামহে। প্রিয়ানাং ত্বা প্রিয়পতি গুং হবামহে। ওঁ নিধীনাং ত্বা নিধিপতি গুং হবামহে বসো মম এই মন্ত্রটিও তিনবার বলিয়া ওঁ স্বস্তিঃ ওঁ স্বস্তিঃ ওঁ স্বস্তিঃ বলিবে। হাতের চালগুলি সম্মুখের তামার টাটে ফেলিয়া দিয়া ওঁ সূর্য্যঃ সোমঃ যমঃ কালঃ সন্ধ্যে ভূতান্যহঃ ক্ষপাঃ। পবনো দিকপতির্ভূমিরাকাশং খচরামরাঃ। ব্রাহ্মং শাসনমাস্থায় কল্পধ্বম্ ইহসন্নিধিম্। ওঁ অয়ম্ আরম্ভঃ শুভায় ভবতু বলিবে।

● ঋগ্‌বেদীয় স্বস্তিবাচন—সামবেদীয় স্বস্তিবাচনের মত সমস্তই করিবে। কেবল প্রথমে ঋদ্ধিবাক্য তারপর স্বস্তিবাক্য ও শেষে পুণ্যাহ বাক্য বলিতে হয়। পূর্ব্বের মত হাতে আচপচাল লইয়া ওঁ স্বস্তি নো মিমীতামশ্বিনা ভগঃ স্বস্তি দেব্যদিতেরথর্ব্বণঃ। স্বস্তি পূষা অসুরো দধাতু নঃ স্বস্তি দ্যাবাপৃথিবী সুচেতুনা। ওঁ স্বস্তয়ে বায়ুমুপব্রুবামহৈ সোমং স্বস্তি ভুবনস্যয়স্পতিঃ। বৃহস্পতিং সর্ব্বগণং স্বস্তয়ে স্বস্তয়ে আদিত্যাশো ভবন্তু নঃ। ওঁ বিশ্বেদেবা নো অদ্যা স্বস্তয়ে বৈশ্বানরো বসুরগ্নিঃ স্বস্তয়ে। দেবা অভন্ত্বভবঃ স্বস্তয়ে স্বস্তি নো রুদ্রঃ পাত্বং হসঃ। ওঁ স্বস্তি মিত্রাবরুণা স্বস্তি পথ্যে রেবতি। স্বস্তি ন ইন্দ্রশ্চাগ্নিশ্চ স্বস্তি নো অদিতয়ে

(অদিতে ২) কৃধি। ওঁ স্বস্তি পন্থা পন্থামনুচরেম সূর্য্যাচন্দ্রমসাবিব। পূনর্দ্দদতাঘ্নতা জানতা সঙ্গমে মহি। ওঁ স্বস্ত্যয়নং তার্ক্ষ্যমরিষ্টনেমিং মহদ্ভুতং বায়সং দেবানাং। অসুরঘ্নমিন্দ্রসখং সমৎসু বৃহদ্যশো নাবমিবা রুহেম। ওঁ অংহোমুচমাঙ্গিরসং গয়ং চ স্বস্ত্যাত্রেয়ং মনসা চ তার্ক্ষ্যম্। প্রযত পাণিঃ শরণং প্রপদ্যে স্বস্তি সম্বাধেস্বভয়ং নোহস্তু। এই মন্ত্রটি তিনবার বলিয়া ওঁ স্বস্তিঃ ওঁ স্বস্তিঃ ওঁ স্বস্তিঃ বলিবে এবং হাতের চালগুলি সম্মুখের তামার টাটে ফেলিয়া দিবে। জোড়হাতে ওঁ সূর্য্যঃ সোমঃ যমঃ কালঃ সন্ধ্যে ভূতান্যহঃ ক্ষপাঃ। পবনো দিক্পতির্ভূমিরাকাশং খচরামরাঃ। ব্রাহ্মং শাসনমাস্থায় কল্পধ্বমিহ সন্নিধিম্। ওঁ অয়ম্ আরম্ভঃ শুভায় ভবতু বলিবে।

● তান্ত্রিক স্বস্তিবাচন—জোড়হাতে হ্রীং হুং স্বস্তি নঃ কাত্যায়নী হ্রীং অর্পণশ্রবাঃ স্বস্তি নঃ কালী হ্রৌং মেধামৃতময়ী হ্রূঁ স্বস্তি নঃ প্রত্যঙ্গিরা দেবতা দধাতু। শ্রীঁ হ্রীঁ হূঁ ফট্ স্বাহা বলিবে। ইহা সর্ব্ববেদীয়।

● সঙ্কল্প—কুশীতে বা কোশাতে কৃষ্ণতিল, হরিতকী, পুষ্প, কুশের ত্রিপত্র লইয়া জলপূর্ণ করিয়া বামহাতের তালুতে রাখিয়া দক্ষিণ হাতের তালু দিয়া চাপা দিয়া বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকেমাসি অমুকে রাশিস্থে ভাস্করে শুক্লেপক্ষে নবম্যাং তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা জীববদেতৎ স্থূল শরীরাবিরোধেন সর্ব্বাপচ্ছান্তি পূর্ব্বক অতুল ধনধান্য বিভূতিকামঃ শ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গা প্রীতিকামঃ বা তন্ত্রোক্ত বিধিনা শ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গাপূজা কর্ম্মাহং করিষ্যে। বলিয়া ওই কুশী বা কোশার দ্রব্য সকল ঈশান কোণে উপুড়

করিয়া দিয়া এতে গন্ধপুষ্পে সঙ্কল্পসূক্তায় নমঃ বলিয়া একটি পুষ্পে চন্দন মাখাইয়া ওই কুশী বা কোশার উপর দিয়া নিজ নিজ বেদ অনুযায়ী সঙ্কল্পসূক্ত বলিবে।

● সামবেদীয় সঙ্কল্পসূক্ত—ওঁ দেবো বো দ্রবিণোদাপূর্ণাং বিবষ্ট্যাসিচম্। উদ্ বা সিঞ্চধ্বমুপ বা পৃণধ্বমাদ্বিদ্বো দেব ওহতে।

● যজুর্ব্বেদীয় সঙ্কল্পসূক্ত—ওঁ যজ্জাগ্রতো দূরমুদেতি দৈবম্ তদুসুপ্তস্য তথৈবেতি। দূরং গমং জ্যোতিষাং জ্যোতিরেকম্। তন্মে মনঃ শিবসঙ্কল্পমস্তু।

● ঋগ্‌বেদীয় সঙ্কল্পসূক্ত—ওঁ যা গুং গুর্ যা সিনীবালী যা রাকা যা সরস্বতী। ইন্দ্রানীমহ্ব উতয়ে বরুণানীং স্বস্তয়ে।

● বরণ—যদি নিজের পূজা না হয় যজমানের পূজা করিতে হইলে ব্রাহ্মণ তান্ত্রিক আচমন পর্য্যন্ত করিয়া নিজে উত্তরমুখে বসিয়া যজমানকে নিত্যকর্ম্ম সকল করাইয়া আসনে পূর্ব্বমুখে বসাইবে। ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ এই মন্ত্রে তিনবার আচমন করাইয়া জোড়হাতে ওঁ তদ্‌বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্। তারপর ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ বলাইয়া পুনরায় আচমন করাইবে। যজমান শূদ্র হইলে ওঁ এই মন্ত্র স্থলে "নমঃ" এই মন্ত্র বলাইবে। তারপর সূর্য্যের অর্ঘ্য দিয়া জোড়হাতে নারায়ণাদির স্মরণ করাইবে। ওঁ সর্ব্বমঙ্গল মঙ্গল্যং বরেণ্যং বরদং শুভং। নারায়ণং নমস্কৃত্য সর্ব্বকর্ম্মাণি

কারয়েৎ। ওঁ মাধবো মাধবো বাচি মাধবো মাধবো হৃদি। স্মরান্ত সাধবঃ সর্ব্বে সর্ব্বকার্য্যেষু মাধবম্। ও মাধবঃ ওঁ মাধবঃ ওঁ মাধবঃ।। ওঁ সর্ব্বমঙ্গল মঙ্গল্যে শিবে সর্ব্বার্থ সাধিকে। শরণ্যে ত্র্যম্বকে গৌরী নারায়ণি নমোঽস্তুতে।। তারপর পুষ্পে চন্দন মাখাইয়া নারায়ণ শিলায় পূজা করাইবে। এতে গন্ধপুষ্পে ওঁ গণেশায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ শ্রীগুরবে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ শ্রীসূর্য্যায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ নারায়ণায় নমঃ। এতে গন্ধপুষ্পে নমঃ শিবায়। এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ আদিত্যাদি নবগ্রহেভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ ইন্দ্রাদি দশদিক্‌পালেভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে মৎস্যাদি দশাবতারেভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বাভ্যো বিদ্যাভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে সর্ব্বাভ্যো দেবীভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ। পূজা করিয়া স্বস্তিবাচন করাইয়া স্বস্তিসূক্ত নিজ নিজ বেদ অনুসারে পড়াইবে ও তন্ত্রোক্ত স্বস্তিসূক্তটি পড়াইবে। অতঃপর কুশীতে বা কোশাতে কৃষ্ণতিল, হরীতকী, পুষ্প, কুশের ত্রিপত্র ও জলের দ্বারা পূর্ণ করিয়া বামহাতের তালুতে রাখিয়া ডানহাতের তালু দ্বারা চাপা দিয়া সঙ্কল্প করাইবে। বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকেমাসি অমুকরাশিস্থে ভাস্করে শুক্লপক্ষে নবম্যাং তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা জীববদেতৎ স্থূলশরীরাবিরোধেন সর্ব্বাপচ্ছান্তি পূর্ব্বক অতুল ধনধান্য বিভূতিকামঃ শ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গাপ্রীতিকামঃ বা তন্ত্রোক্ত বিধিনা শ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গাপূজা কর্ম্মাহং করিষ্যে। (যদি যজমান নিজে সঙ্কল্প না করে তবে সঙ্কল্প

বাক্যটি হইবে—বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকেমাসি অমুক রাশিস্থে ভাস্করে শুক্লপক্ষে নবম্যাং তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা অমুকগোত্রস্য অমুক দেবশর্ম্মণঃ (বা অমুকদাসস্য) জীববদেতৎ স্থূলশরীরাবিরোধেন সর্ব্বাপচ্ছান্তি পূর্ব্বক অতুল ধনধান্য বিভূতিকামঃ শ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গাপ্রীতিকামঃ বা তন্ত্রোক্ত বিধিনা শ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গাপূজা কর্ম্মাহং করিষ্যামি।) বলিয়া ঐ তিল হরিতকী প্রভৃতি দ্রব্যাদি সহ কুশী বা কোশাটি ঈশানকোণে উপুড় করিয়া দিয়া একটি পুষ্পে চন্দন মাখাইয়া এতে গন্ধপুষ্পে সঙ্কল্পসূক্তায় নমঃ বলিয়া কোশা বা কুশীর উপর দিবে। তারপর আপন বেদ অনুযায়ী সঙ্কল্পসূক্ত পাঠ করাইবে।

● সামবেদী সঙ্কল্পসূক্ত—ওঁ দেবো বো দ্রবিণোদা পূর্ণাং বিবষ্ট্যা সিচম্। উদ্ বা সিঞ্চধ্বমুপ বা পৃণধ্ব মাদিদ্ বো দেব ওহতে।

● যজুর্ব্বেদী সঙ্কল্পসূক্ত—ওঁ যজ্জাগ্রতো দূরমুদেতি দৈবম্ তদুসুপ্তস্য তথৈবেতি। দূরং গমং জ্যোতিষাং জ্যোতিরেকম্। তন্মে মনঃ শিব সঙ্কল্পমস্তু॥

● ঋগ্‌বেদী সঙ্কল্পসূক্ত—ওঁ যা গুং গুর্‌যা সিনীবালী যা রাকা যা সরস্বতী। ইন্দ্রানীমহ্ব উতয়ে বরুণানীং স্বস্তয়ে॥

● বরণ—যজমান পূর্ব্বমুখে ও পূজক ও তন্ত্রধারক উত্তরমুখে আসনে বসিয়া সকলেই আচমন

করিবে। ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ বলিয়া তিনবার জল গণ্ডুষ পান করিয়া হাত ধুইয়া জোড়হাতে ওঁ তদ্‌বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ। দিবীব চক্ষুরাততম্।। ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ বলিবে। যজমান প্রথমে পূজককে ও পরে তন্ত্রধারককে বরণ করিবে। পূজকের প্রতি হাতজোড় করিয়া ওঁ সাধু ভবান্ আস্তাম্ বলিবে। তখন পূজক ওঁ সাধ্বহমাসে বলিবে। যজমান পুনরায় ওঁ অর্চ্চয়িষ্যামো ভবন্তম্ বলিবে ও পূজক ওঁ অর্চ্চয় বলিবে। যজমান চন্দন মিশ্রিত পুষ্প বস্ত্র অঙ্গুরীয়ক ও যজ্ঞোপবীত পূজকের হাতে দিবার সময় এতানি গন্ধপুষ্প বস্ত্র অঙ্গুরীয়ক যজ্ঞোপবীতানি ওঁ ব্রাহ্মণায় পূজকায় নমঃ বলিবে। পূজক তাহা গ্রহণ করিয়া ওঁ স্বস্তি বলিবে। পূজক সেইগুলি পরিধান করিয়া উবু হইয়া মাটিতে বৃদ্ধ অঙ্গুলি রাখিয়া বসিবে। যজমান চন্দন মিশ্রিত পুষ্প, দূর্ব্বা ও আতপচাল লইয়া দক্ষিণ হস্তে বামহস্ত সংযুক্ত করিয়া দক্ষিণ হস্ত দ্বারা পূজকের হাঁটু স্পর্শ করিয়া সঙ্কল্প করিবে। যথা—বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে-মাসি অমুকে রাশিস্থে ভাস্করে শুক্লেপক্ষে নবম্যাং তিথৌ মৎসঙ্কল্পিত শ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গাপূজা কর্ম্মণি পূজক কর্ম্মকরণায় অমুকগোত্রং শ্রীঅমুক দেবশর্ম্মাণং (পূজকের গোত্র ও নাম বলিয়া) গন্ধাদিভিরভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে। এই সঙ্কল্প করিয়া যজমান স্পর্শ ত্যাগ করিবে। তখন পূজক বলিবে ওঁ বৃতোহস্মি। যজমান জোড়হাতে ওঁ যথাজ্ঞানং যথাবিহিতং বা পূজক কর্ম্ম কুরু। পূজক বলিবে—ওঁ যথাজ্ঞানং করবাণি।

● তন্ত্রধারক বরণ—পূজক বরণের ন্যায় তন্ত্রধারকের বরণ হইবে। কেবলমাত্র সঙ্কল্প বাক্যটি

আলাদা হইবে। যথা—বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকেমাসি অমুকে রাশিস্থে ভাস্করে শুক্লেপক্ষে নবম্যাং তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা মৎসঙ্কল্পিত শ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গাপূজা কর্ম্মণি তন্ত্রধারক কর্ম্মকরণায় অমুকগোত্রং শ্রীঅমুক দেবশর্ম্মাণং (তন্ত্রধারকের গোত্র ও নাম বলিয়া) গন্ধাদিভিরভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে। সঙ্কল্প বাক্য করিয়া স্পর্শ ত্যাগ করিলে তন্ত্রধারক ওঁ বৃতোঽস্মি বলিবে। জোড়হাতে যজমান তন্ত্রধারককে বলিবে—ওঁ যথাবিহিতং তন্ত্রধারক কর্ম্ম কুরু। তন্ত্রধারক বলিবে—ওঁ যথাজ্ঞানং করবানি।

● চণ্ডীপাঠ সঙ্কল্প—ইহা যজমান বা পাঠক নিজে করিবে। বাক্য—বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকেমাসি অমুক রাশিস্থে ভাস্করে শুক্লেপক্ষে নবম্যাং তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা মনোঽভীষ্ট সিদ্ধিকামঃ শ্রীচণ্ডিকা প্রীতিকামঃ বা শ্রীকৃষ্ণদ্বৈপায়নাভিধান মহর্ষি বেদব্যাস প্রোক্ত জয়াখ্য মার্কণ্ডেয় পুরাণান্তর্গত সাবর্নি সূর্য্যতনয়ঃ ইত্যাদি সাবর্নির্ভবিতা মনুঃ ইত্যন্ত দেবীমাহাত্ম্য প্রকাশক সন্দর্ভস্য একাবৃত্তি পাঠ কর্ম্মাহং করিষ্যে। যজমান নিজে পাঠে অসমর্থ হইলে নিযুক্ত পাঠক নিচের বাক্যটি বলিবে—বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকেমাসি অমুকরাশিস্থে ভাস্করে শুক্লেপক্ষে নবম্যাং তিথৌ অমুকগোত্র শ্রীঅমুক দেবশর্ম্মা (পাঠকের গোত্র এবং নাম) অমুকগোত্রস্য শ্রীঅমুক দেবশর্ম্মণঃ (যজমানের গোত্র ও নাম) মনোঽভীষ্ট সিদ্ধিকামঃ শ্রীচণ্ডিকা প্রীতিকামঃ বা শ্রীকৃষ্ণদ্বৈপায়নাভিধান মহর্ষি বেদব্যাস প্রোক্ত জয়াখ্য মার্কণ্ডেয় পুরাণান্তর্গত সাবর্নিঃ সূর্য্যতনয়ঃ ইত্যাদি সাবর্নির্ভবিতা মনুঃ ইত্যন্ত দেবীমাহাত্ম্য প্রকাশক সন্দর্ভস্য একাবৃত্তি পাঠ কর্ম্মাহং করিষ্যামি।

● চণ্ডীপাঠক বরণ—পূজক, তন্ত্রধারক বরণের ন্যায় চণ্ডীপাঠকের বরণ হইবে। কেবলমাত্র সঙ্কল্প বাক্যটি হইবে নিম্নোক্ত রূপ। বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকেমাসি অমুকরাশিস্থে ভাস্করে শুক্লেপক্ষে নবম্যাং তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা মৎসঙ্কল্পিত শ্রীচণ্ড্যা সমগ্রেকাবৃত্তি পাঠকর্ম্ম করণায় অমুকগোত্রং শ্রীঅমুক দেবশর্ম্মাণং (পাঠকের গোত্র ও নাম) গন্ধাদিভিরভ্যর্চ্চ্য ভবন্তমহং বৃণে। স্পর্শ ত্যাগ করিলে পাঠক বৃতোহস্মি বলিবে। জোড়হাতে যজমান পাঠককে ওঁ যথাবিহিতং চণ্ডীপাঠক কর্ম্ম কুরু। পাঠক—ওঁ যথাজ্ঞানং করবাণি। এইবার একটি পুষ্পে চন্দন মাখাইয়া এতে গন্ধপুষ্পে শ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গায়ৈ নমঃ বলিয়া দেবীর উদ্দেশ্যে তিনবার ফুল দিয়া প্রণাম করিবে। মন্ত্র যথা—ওঁ সর্ব্বমঙ্গল মঙ্গল্যে শিবে সর্ব্বার্থ সাধিকে। শরণ্যে ত্র্যম্বকে গৌরী নারায়ণি নমোহস্তুতে। পূজক, তন্ত্রধারক ও চণ্ডী পাঠককে লৌকিক বলিবে—আমার কার্য্যটি আপনারা সুষ্ঠুভাবে সম্পন্ন করুন। বলিয়া আসন ত্যাগ করিবে। ইহার পর পূজক, তন্ত্রধারক ও চণ্ডীপাঠক স্ব স্ব স্থান গ্রহণ করিয়া আচমন বিষ্ণুস্মরণ করিয়া নারায়ণকে স্নান করাইবে।

● নারায়ণ স্নান—নারায়ণ শিলায় পঞ্চগব্য মাখাইয়া ওঁ সহস্রশীর্ষাঃ পুরুষ সহস্রাক্ষঃ সহস্রপাৎ সভূমিং সর্ব্বতো বৃত্বা অত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্। এতৎ স্নানীয়ং দ্রব্যং জলং চ ওঁ নমো নারায়ণায় নমঃ বলিয়া জল ঢালিয়া স্নান করাইবে। পঞ্চগব্য দিয়া স্নান করাইবার পূর্ব্বে তাহা শোধন করা প্রয়োজন। নিজ নিজ বেদ অনুসারে পঞ্চগব্য শোধন করিবে।

● সামবেদীয় পঞ্চগব্য শোধন—গোমূত্র—গায়ত্রীপাঠ। গোময়—ওঁ গাবশ্চিদ্ গা সমন্যবঃ সজাত্যেন মরুতঃ সবন্ধবঃ। রিহতে ককুভো মিথঃ। দুগ্ধ—ওঁ গব্যোষুনো যথা পুরাশ্বয়োথ রথয়া বরিবস্যা মহোনাম্। দধি—ওঁ দধিক্রাব্নো অকার্ষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ সুরভি নো মুখাকরৎ প্রণ আয়ুংষি তারিষৎ। ঘৃত—ওঁ ঘৃতবতী ভুবনানামভিশ্রিয়োর্ব্বী পৃথ্বী মধুদুঘে সুপেশষা। দ্যাবা পৃথিবী বরুণস্য ধর্ম্মনা বিষ্কভিতে অজরে ভূরিরেতসা। তারপর কুশের ত্রিপত্র দ্বারা জল দিবে। মন্ত্র যথা—ওঁ দ্বৌরাপঃ কণিক্রদৎ সিন্ধোরাপঃ মরুতো মাদয়ন্তাং ঘর্ম্মজ্যোতিঃ। এই বলিয়া পুনরায় গায়ত্রী বলিয়া ওই সকল দ্রব্য একত্রিত করিয়া নারায়ণ শিলায় ঢালিবে।

● যজুর্ব্বেদীয় পঞ্চগব্য শোধন—গায়ত্রী বলিবে গোমূত্রের শোধনের জন্য। গোময়—ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করীষিণীং ঈশ্বরীং সর্ব্বভূতানাং ত্বামিহোপহ্বয়ে শ্রিয়ং। দুগ্ধ—ওঁ আপ্যায়স্ব সমেতুতে বিশ্বতঃ সোমবৃষ্ণ্যং, ভবা বাজস্য সঙ্গথে। দধি—ওঁ দধি ক্রাব্নোঽকার্ষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভি নো মুখাকরৎ প্রণআয়ুংষি তারিষৎ। ঘৃত—ওঁ তেজোঽসি শুক্রমস্য মৃতমস্য ধামনামাসি। প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেব যজনমসি। কুশের ত্রিশত্র দ্বারা জল দিয়া বলিবে—ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবোঽশ্বিনোর্ব্বাহুভ্যাম্ পুষ্ণো হস্তাভ্যামাদদে। এই বলিয়া পূর্ব্বের সমস্ত দ্রব্য গায়ত্রী বলিয়া একত্রিত করিয়া নারায়ণ শিলার উপর ঢালিতে হইবে।

● ঋগ্‌বেদীয় পঞ্চগব্য শোধন—গোমূত্র—গায়ত্রী বলিবে। গোময়—ওঁ গাবশ্চিদ্ গা সমন্যবঃ সজাত্যেন মরুতঃ সবন্ধবঃ ককুভো রিহতে মিথঃ। দুগ্ধ—ওঁ আপোহদ্যান্বচারিষং রসেন সমগস্মহি। পয়স্বান্ নগ্ন আগহি তন্মা সংসৃজ্য বর্চ্চসা। দধি—ওঁ উদ্‌বুদ্যধ্বং সমনসঃ সখায়ঃ সমগ্নিমিধ্বং বহবঃ সলিলা দধিক্রাম্ অগ্নিমুষঞ্চ দেবীন্দ্রাবতঃ স্বস্তি তে পারমসীয়। ঘৃত—ওঁ অগ্নিরস্মিন্ জন্মনা জাতবেদা ঘৃতং মে চক্ষুরমৃতত্বস্য আসন। অর্কস্ত্রিধাতু রজসো বিমানোহজস্রো ঘর্ম্মো হবিরস্মনাং। কুশের ত্রিপত্র দ্বারা জল দিয়া বলিবে—ওঁ যোগে তবস্তরং বাজে বাজে হবামহে সখায় ইন্দ্রমূতয়ে আয়ুষে প্রজায়ৈ। এই বলিয়া সমস্ত দ্রব্য একত্রিত করিয়া গায়ত্রী বলিবে ও নারায়ণ শিলার উপর ঢালিয়া দিবে। পঞ্চগব্য দিবার পর সামর্থ্য পক্ষে পুরুষসূক্ত, শ্রীসূক্ত, পাবমানীসূক্ত ও শুদ্ধবতীসূক্ত নিজ নিজ বেদ অনুসারে পাঠ করিবে। এই সকল মন্ত্র পাঠ করিয়া নারায়ণ শিলায় জল ঢালিয়া স্নান করাইয়া শুষ্ক শুদ্ধ বস্ত্র দিয়া বেশ ভাল করিয়া মুছাইয়া শ্বেতচন্দন দিয়া নীচে ও উপরে চন্দন মিশ্রিত তুলসীপত্র দিবে। তুলসী দিবার সময় এই মন্ত্রটি বলিবে—এতৎ সচন্দন তুলসীপত্রং ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনে স্বাহা। নারায়ণটি তাহার আসনে বসাইয়া জো[?]হাতে —ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গো ব্রাহ্মণ হিতায় চ। জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ বলিয়া প্রণাম করিবে।

পূজক চন্দন এবং সিন্দূর দ্বারা নিজ ললাটে ত্রিপুণ্ড্র আঁকিয়া—ওঁ হ্রীং আত্মতত্ত্বায় স্বাহা, ওঁ হ্রীং

বিদ্যাতত্ত্বায় স্বাহা, ওঁ হ্রীং শিবতত্ত্বায় স্বাহা বলিয়া পুনরায় আচমন করিয়া ওঁ তদ্‌বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যান্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্ বলিবে। ডানহাতে জল লইয়া ওঁ বজ্রোদকে হুং ফট্ স্বাহা বলিয়া আসনে জলের ছিটা দিবে। ওঁ হ্রীং বিশুদ্ধ সর্ব্বপাপানি শময়া শেষ বিকল্পমপনয় হুং ফট্ স্বাহা বলিয়া মনে মনে চিন্তা করিবে হস্তপদাদি ধৌত হইয়াছে।

● সামান্যার্ঘ্য—সম্মুখে ভূমিতে জল দিয়া ত্রিকোণ, বৃত্ত চতুষ্কোণ আঁকিয়া তাহার উপর এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ। ওঁ অনন্তায় নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ বলিয়া চন্দন মিশ্রিত

ধেনু মুদ্রা

যোনি মুদ্রা

অবগুণ্ঠন মুদ্রা

মৎস্য মুদ্রা

অঙ্কুশ মুদ্রা

একটি করিয়া পুষ্প দিবে। ওঁ অস্ত্রায় ফট্ বলিয়া কোশাটি ধুইয়া ওই ত্রিকোণ বৃত্ত চতুষ্কোণের উপর রাখিয়া হ্রীং নমঃ বলিয়া জলের দ্বারা পূর্ণ করিয়া তাহার উপর গন্ধপুষ্প আতপচাল দূর্ব্বা দিবে। পরে গন্ধপুষ্প লইয়া এতে গন্ধপুষ্পে ওঁ অং অর্কমণ্ডলায় দ্বাদশ কলাত্মনে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শ কলাত্মনে নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ মং বহ্নিমণ্ডলায় দশ কলাত্মনে নমঃ। বলিয়া

কোশার উপর দিয়া ধেনুমুদ্রা, যোনমুদ্রা, অবগুণ্ঠন মুদ্রা এবং মৎস্য মুদ্রা দেখাইয়া অঙ্কুশ মুদ্রার দ্বারা তীর্থ আবাহন করিবে। মন্ত্র—ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি নর্ম্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু। বলিয়া কোশার জল হইতে পূজার উপকরণে ও নিজ গাত্রে জলের ছিটা দিবে।

● দ্বারপূজা—'ফট্' বলিয়া পূজা স্থানের উপর কুশের ত্রিপত্র দ্বারা জলের ছিটা দিয়া—ওঁ দ্বারদেবতা ইহাগচ্ছত ইহাগচ্ছত ইহতিষ্ঠত ইহতিষ্ঠত ইহসন্নিধত্ত ইহসন্নিরুধ্যধ্বম্ মমপূজাং গৃহ্নীত বলিয়া আবাহনাদি

সম্মুখীকরণ মুদ্রা

সন্নিধাপনী মুদ্রা

সন্নিরোধনী মুদ্রা

স্থাপনী মুদ্রা

আবাহনী মুদ্রা

পঞ্চমুদ্রা দেখাইয়া সচন্দন পুষ্প লইয়া—এতে গন্ধপুষ্পে ওঁ গাং গণেশায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ মহালক্ষ্ম্যৈ নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ সরস্বত্যৈ নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ বিঘ্নায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ ক্ষেত্রপালায় নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ গাং গঙ্গায়ৈ নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ যাং যমুনায়ৈ নমঃ, এতে গন্ধপুষ্পে ওঁ অস্ত্রায় নমঃ, এতে গন্ধপুষ্পে বাং বটুকায় নমঃ, এতে গন্ধপুষ্পে যাং যোগিনীভ্য নমঃ, এতে গন্ধপুষ্পে ব্রাহ্মণায় নমঃ, এতে গন্ধপুষ্পে বাস্তুপুরুষায় নমঃ বলিয়া প্রতিবার এক একটি পুষ্প দিবে।

● বিঘ্নাপসারণ—'ওঁ হ্রীং' বলিয়া দিব্যদৃষ্টি দ্বারা দিব্যবিঘ্ন, 'ওঁ অস্ত্রায় ফট্' বলিয়া অন্তরীক্ষের বিঘ্ন ও ভূমিতে তিনবার বামপদের গোড়ালী দ্বারা আঘাত করিয়া ভূমির বিঘ্ন দূর করিবে।

● মাষভক্তবলি—বামদিকে জলের দ্বারা ত্রিকোণ আঁকিয়া নূতন মৃৎপাত্রে (খুরিতে বা সরায়) অথবা কলাপাতায় বা বিল্বপত্রের উপর কিছু মাষকলাই, দধি, আতপচাল, একত্র রাখিয়া—ওঁ ভূতাদয় ইহাগচ্ছত ইহাগচ্ছত ইহতিষ্ঠত ইহতিষ্ঠত ইহসন্নিধত্ত ইহসন্নিরুধ্যধ্বম্ অত্রাধিষ্ঠানং কুরুত মম পূজাং গৃহ্নীত বলিয়া আবাহনাদি পঞ্চমুদ্রা দেখাইয়া ভূতগণের আবাহন করিবে। বামহস্ত চিৎ করিয়া সেই মাষকলাই, দধি ও আতপচাল স্পর্শ করিয়া ডানহাতে কুশের ত্রিপত্র দ্বারা জলের ছিটা দিতে দিতে এতস্মৈ বং মাষভক্তবলয়ে নমঃ তিনবার বলিবে। সচন্দন পুষ্প লইয়া এতে গন্ধপুষ্পে ওঁ এতস্মৈ মাষভক্তবলয়ে নমঃ, এতদ্ অধিপতয়ে ওঁ শ্রীবিষ্ণবে নমঃ, এতৎ সম্প্রদানেভ্যো ভূতাদিভ্যো নমঃ। এষ মাষভক্তবলি ওঁ ভূতাদিভ্যো নমঃ বলিয়া পূজা করিয়া জোড়হাতে ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্নন্তু ময়া দত্তো বলিরেষ প্রসাধিতঃ। পূজিতা গন্ধপুষ্পাদ্যৈ র্বলিভি স্তর্পিতা স্তথা। দেশাদস্মাদ্ বিনিসৃত্যঃ পূজাং পশ্যন্তু মৎকৃতাম্॥ কিছু শ্বেতসরিষা অভাবে আতপচাল হাতে লইয়া ওঁ অপসর্পন্তু তে ভূতাঃ যে ভূতাঃ ভুবি সংস্থিতাঃ ভূতানামবিরোধেন দুর্গাপূজাং করোম্যহম্। ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্ব্বে চণ্ডিকাস্ত্রেন তাড়িতাঃ। তারপর চারিদিকে ফট ফট ফট বলিয়া ছড়াইয়া

দিবে। হাতে আতপচাল কৃষ্ণতিল শ্বেতসরিষা লইয়া ও সর্ব্ববিঘ্নানুৎসারয় হুং ফট্ স্বাহা বলিয়া ছড়াইয়া দিবে। হুং বলিয়া পূজাস্থানে দৃষ্টি দিয়া ফট্ বলিয়া জলের ছিটা দিয়া ভূমিতে ক্লীং লিখিবে। হাতে জল লইয়া মুষ্টিবদ্ধ করিয়া জল নিঃসৃত হইলে ওঁ রক্ষ রক্ষ হুং ফট্ স্বাহা বলিয়া সেই জলের ছিটা দিয়া ভূমি শোধন করিয়া ওঁ পবিত্র বজ্রভূমে হুং ফট্ স্বাহা বলিয়া ভূমিতে ত্রিকোণ তার উপর চতুষ্কোণ মণ্ডল করিয়া ওঁ ক্লীং কামরূপায় নমঃ বলিয়া আসনশুদ্ধি করিবে।

● আসনশুদ্ধি—নিজ আসনের নিচে ত্রিকোণ আঁকিয়া একটি সচন্দন পুষ্প লইয়া এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং আধারশক্তয়ে কমলাসনায় নমঃ। আসন স্পর্শ করিয়া অস্য আসনমন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ সুতলং ছন্দঃ কূর্ম্মোদেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ। ওঁ পৃথ্বিত্বয়া ধৃতা লোকা দেবিত্বং বিষ্ণুনা ধৃতা ত্বং চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরুচাসনম্।। বলিয়া আসনের উপর ত্রিকোণ আঁকিয়া একটি গন্ধপুষ্প লইয়া আঃ সুরেখে বজ্র রেখে হুং ফট্ স্বাহা বলিয়া ওঁ মণিধরি বজ্রিনি মহাপ্রতিসরে রক্ষ রক্ষ হুং ফট্ স্বাহা বলিয়া বস্ত্রাঞ্চলে ও শিখায় গ্রন্থি বন্ধন করিবে। তারপর জোড়হাতে বামে ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরম গুরুভ্যো নমঃ, ওঁ পরাপর গুরুভ্যো নমঃ, ওঁ পরমেষ্ঠি গুরুভ্যো নমঃ। দক্ষিণে ওঁ গণেশায় নমঃ, ঊর্দ্ধে ওঁ ব্রহ্মণে নমঃ, অধঃ ওঁ অনন্তায় নমঃ, পশ্চাৎ ওঁ ক্ষেত্রপালায় নমঃ, সম্মুখে ওঁ শ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গায়ৈ নমঃ। বলিয়া একটি ফুল দুই হাতে মলিয়া ফট্ মন্ত্রে বামদিকে ফেলিবে। হাতের তুড়ি দিয়া দশদিক ঘুরাইয়া দশদিক বন্ধন করিবে।

● পুষ্পশুদ্ধি—পুষ্পের মধ্যে দেবীর আবির্ভাব ঘটিয়াছে মনে মনে চিন্তা করিয়া পুষ্প স্পর্শ করিয়া ওঁ পুষ্পকেতু রাজার্হতে শতায় সম্যক্ সম্বন্ধায় হুং॥ ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্প সম্ভবে। পুষ্পচয়াবকীর্ণে হুং ফট স্বাহা। বলিয়া কুশের ত্রিপত্র দিয়া পুষ্পের উপর জলের ছিটা দিবে।

● ভূতশুদ্ধি—দুই হাতে মাথার উপর দিক হইতে নীচের দিকে তিনবার তালি দিয়া 'রং' এই মন্ত্রে নিজের চারিদিকে জলের ছিটা দিয়া মনে করিবে অগ্নির দ্বারা বেষ্টন করা হইয়াছে। নিজের কোলের উপর দুই হাত চিৎ করিয়া 'আমিই সেই' (সোঽহম্) এই চিন্তা করতঃ হৃদয়ে অবস্থিত দীপকলিকার মত জীবাত্মাকে মূলাধারে অবস্থিত কুলকুণ্ডলিনীর সহিত সুষুম্না নাড়ীপথে মূলাধার পদ্ম, স্বাধিষ্ঠান পদ্ম, মণিপুর পদ্ম, অনাহত পদ্ম, বিশুদ্ধ পদ্ম ও আজ্ঞা পদ্মরূপী ষট্ পদ্মচক্রকে ভেদ করিয়া নিজ মস্তকে অবস্থিত নিম্নমুখে সহস্রদল পদ্মের কর্ণিকার ভিতরে অবস্থিত পরমাত্মার সহিত সংযুক্ত করিয়া সেই স্থলেই ক্ষিতি, অপ, তেজ, বায়ু, আকাশ, রূপ, রস, গন্ধ, স্পর্শ, শব্দ, চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক, বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ, প্রকৃতি, মন, বুদ্ধি ও অহঙ্কার এই চব্বিশটি তত্ত্ব লীন হইয়াছে মনে করিয়া 'যম্' এই বায়ু মন্ত্র বীজটি ধূম্রবর্ণ রূপে মনে করিয়া দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা দক্ষিণ নাসারন্ধ্র বন্ধ করিয়া বাম নাসারন্ধ্র দ্বারা শ্বাস টানিতে টানিতে ষোল বার জপ করিয়া দক্ষিণ হস্তের অনামিকা, মধ্যমা ও কনিষ্ঠা দ্বারা বাম নাসারন্ধ্র বন্ধ করিয়া দমবন্ধ অবস্থায় ঐ 'যম' মন্ত্রটি চৌষট্টি বার জপ করিয়া

দ্বারা শ্বাস ত্যাগ করিতে করিতে ঐ 'যম্' মন্ত্র বত্রিশ বার জপ করিবে। এই দমবন্ধ অবস্থায় মনে মনে চিন্তা করিবে যে বাম কুক্ষিতে অবস্থিত কৃষ্ণবর্ণ পাপপুরুষ ও দেহকে শোধন করা হইল। ইহার পর দক্ষিণ নাসারন্ধ্রে 'রম্' এই বহ্নি মন্ত্রকে রক্তবর্ণ রূপে ধ্যান করিয়া শ্বাস নিতে নিতে ষোল বার জপ করিয়া পুনরায় দক্ষিণ অঙ্গুষ্ঠ দ্বারা দক্ষিণ নাসারন্ধ্র বন্ধ করিয়া দম বন্ধ অবস্থায় ঐ 'রম্' মন্ত্রটি চৌষট্টি বার জপ করিয়া বাম নাসারন্ধ্র খুলিয়া শ্বাস ত্যাগ করিতে করিতে ঐ 'রম্' মন্ত্রটি ৩২ বার জপ করিবে। এই স্থলে ও দমবন্ধ অবস্থায় মনে মনে চিন্তা করিবে মূলাধার চক্র স্থান হইতে উঠিয়া বহ্নি পাপপুরুষের সহিত দেহকে দগ্ধ করিল। তারপর 'ঠম্' এই চন্দ্রবীজ মন্ত্রটিকে শুক্লবর্ণবিশিষ্ট রূপে বাম নাসারন্ধ্র দ্বারা শ্বাস টানিতে টানিতে ষোল বার জপ করিবে। এই সময় চিন্তা করিবে চন্দ্র ললাটে উদিত হইয়াছে। বাম নাসারন্ধ্র বন্ধ করিয়া দমবন্ধ অবস্থায় 'বম্' এই বরুণবীজ মন্ত্রটি চৌষট্টি বার জপ চিন্তা করিবে ললাটস্থ চন্দ্র হইতে মাতৃকা বর্ণরূপিণী গলিত সুধা তাহার দ্বারা সমস্ত দেহ ভূষিত করিয়া দক্ষিণ নাসারন্ধ্রে শ্বাস ত্যাগ করিতে করিতে 'লম্' এই পৃথ্বীবীজ মন্ত্রটি বত্রিশ বার জপ করিবে। সেই সময় চিন্তা করিবে নিজের দেহ সুদৃঢ় হইয়াছে। হৃদয়ে হস্ত তালু স্পর্শ করিয়া 'সোঽহম্' এই মন্ত্র বলিয়া জীবকে যথাস্থানে সন্নিবেশিত করিয়া নিজেকে দেবীরূপে চিন্তা করিবে।

● মাতৃকান্যাস—জোড়হাতে অস্যমাতৃকা ব্রহ্মঋষির্গায়ত্রীচ্ছন্দো মাতৃকা সরস্বতীদেবতা হলো বীজানি

স্বরাঃ শক্তয়ো মাতৃকান্যাসে বিনিয়োগঃ বলিয়া অঙ্গুলির অগ্রভাগদ্বারা দেহের অংশে স্পর্শ করিয়া শিরসি—ওঁ ব্রহ্মণে ঋষয়ে নমঃ। মুখে—ওঁ গায়ত্র্যৈচ্ছন্দসে নমঃ। হৃদি—ওঁ মাতৃকা সরস্বত্যৈ দেবতায়ৈ নমঃ। গুহ্যে—ওঁ হলেভ্যো বীজেভ্যো নমঃ। পাদয়োঃ—ওঁ স্বরেভ্যো শক্তিভ্যো নমঃ। সর্ব্বাঙ্গে—ওঁ অব্যক্ত কীলকায় নমঃ।

● অন্তর্ম্মাতৃকান্যাস—জোড়হাতে ওঁ আধারে লিঙ্গনাভৌ হৃদয় সরসিজে, তালুমূলে ললাটে দ্বেপত্রে ষোড়শারে দ্বিদশ দশ দলে দ্বাদশার্দ্ধে চতুষ্কে। বাসান্তে বালমধ্যে ডফকঠ সহিতে, কণ্ঠদেশে স্বরাণাং হং ক্ষং তত্ত্বার্থ যুক্তং সকল দলগতং বর্ণরূপং নমামি। কণ্ঠমূলে অঙ্গুষ্ঠ ও অনামিকা অঙ্গুলি দ্বারা স্পর্শ করিয়া—ওঁ অং আং ইং ঈং উং ঊং ঋং ৠং ঌং ৡং এং ঐং ওং ঔং অং অঃ ওং। হৃদয় স্পর্শ করিয়া—ওঁ কং খং গং ঘং ঙং চং ছং জং ঝং ঞং টং ঠং ওঁ। নাভিতে—ওঁ ডং ঢং ণং তং থং দং ধং নং পং ফং ওঁ। লিঙ্গমূলে—ওঁ বং ভং মং যং রং লং ওঁ। গুহ্যে—ওঁ বং শং ষং সং ওঁ। ভ্রূমধ্যে—ওঁ হং ক্ষং ওঁ।

● বাহ্যমাতৃকান্যাস—জোড়হাতে ওঁ পঞ্চাশল্লিপিভির্বিভক্ত মুখদোঃ পন্মধ্যবক্ষস্থলাং ভাস্বন্ মৌলি নিবদ্ধচন্দ্র শকলামাপীন্ তুঙ্গস্তনীম্। মুদ্রামক্ষগুণং সুধাঢ্য কলসং বিদ্যাং চ হস্তাম্বুজৈর্বিভ্রানাং বিশদ প্রভাং বাগ্‌দেবতামাশ্রয়ে। এই মন্ত্রগুলি বলিয়া অঙ্গসকল স্পর্শ করিবে। ওঁ অং নমঃ ললাটে, ওঁ আং নমঃ মুখে, ওঁ ইং নমঃ দক্ষিণ চক্ষুষি, ওঁ ঈং নমঃ বামচক্ষুষি, ওঁ উং নমঃ দক্ষিণ কর্ণে, ওঁ ঊং নমঃ বামকর্ণে. ওঁ

ঋং নমঃ দক্ষিণ নাসে, ওঁ ৠং নমঃ বামনাসে, ওঁ ঌং নমঃ দক্ষিণ গণ্ডে, ওঁ ৡং নমঃ বামগণ্ডে, ওঁ এং নমঃ ওষ্ঠে, ওঁ ঐং নমঃ অধরে, ওঁ ওং নমঃ ঊর্দ্ধ দন্তপংক্তৌ, ওঁ ঔং নমঃ অধঃ দন্তপংক্তৌ, ওঁ অং নমঃ ব্রহ্মরন্ধ্রে, ওঁ অঃ নমঃ মুখে। ওঁ কং নমঃ দক্ষিণ বাহুমূলে, ওঁ খং নমঃ দক্ষিণ বাহু কূর্পরে, ওঁ গং নমঃ দক্ষিণ হস্ত মণিবন্ধে, ওঁ ঘং নমঃ দক্ষিণ হস্ত অঙ্গুলিমূলে, ওঁ ঙং নমঃ দক্ষিণ হস্ত অঙ্গুলি অগ্রে, ওঁ চং নমঃ বাম বাহুমূলে, ওঁ ছং নমঃ বামবাহু কূর্পরে, ওঁ জং নমঃ বামহস্ত মণিবন্ধে, ওঁ ঝং নমঃ বাম বাহু অঙ্গুলিমূলে, ওঁ ঞং নমঃ বামবাহু অঙ্গুলি অগ্রে, ওঁ টং নমঃ দক্ষিণ পাদমূলে, ওঁ ঠং নমঃ দক্ষিণ পাদসন্ধিতে, ওঁ ডং নমঃ দক্ষিণ পাদ গুল্‌ফে, ওঁ ঢং নমঃ দক্ষিণ পাদ অঙ্গুলিমূলে, ওঁ ণং নমঃ দক্ষিণ পাদ অঙ্গুলি অগ্রে, ওঁ তং নমঃ বামপাদমূলে, ওঁ থং নমঃ বামপাদ সন্ধিতে, ওঁ দং নমঃ বামপাদ গুল্‌ফে, ওঁ ধং নমঃ বামপাদ অঙ্গুলিমূলে, ওঁ নং নমঃ বামপাদ অঙ্গুলি অগ্রে, ওঁ পং নমঃ দক্ষিণ পার্শ্বে, ওঁ ফং নমঃ বামপার্শ্বে, ওঁ বং নমঃ পৃষ্ঠে, ওঁ ভং নমঃ নাভৌ, ওঁ মং নমঃ উদরে, ওঁ যং নমঃ হৃদি, ওঁ রং নমঃ দক্ষিণ স্কন্ধে, ওঁ লং নমঃ ককুদি, ওঁ বং নমঃ বাম স্কন্ধে, ওঁ শং নমঃ হৃদয়াদি দক্ষিণ করে, ওঁ সং নমঃ হৃদয়াদি বাম করে, ওঁ ষং নমঃ হৃদয়াদি দক্ষিণ পাদে, ওঁ হং নমঃ হৃদয়াদি বাম পাদে, ওঁ লং নমঃ হৃদয়াদি উদরে, ওঁ ক্ষং নমঃ হৃদয়াদি মুখে।

● সংহার মাতৃকান্যাস—জোড়হাতে ওঁ অক্ষস্রজং হরিণপোত মুদগ্রটঙ্কং বিদ্যাং করৈরবিরতং দধতীং ত্রিনেত্রাম্। অর্দ্ধেন্দুমৌলিমরুণামরবিন্দবাসাং বর্ণেশ্বরীং প্রণমত স্তনভার নম্রাম্। বলিয়া পূর্ব্বের ন্যায় অঙ্গ

স্পর্শ করিয়া—ওঁ ক্ষং নমঃ হৃদয়াদি মুখে, ওঁ লং নমঃ হৃদয়াদি উদরে, ওঁ হং নমঃ হৃদয়াদি বামপাদে, ওঁ ষং নমঃ হৃদয়াদি দক্ষিণ পাদে, ওঁ সং নমঃ হৃদয়াদি বাম করে, ওঁ শং নমঃ হৃদয়াদি দক্ষিণ পাদে, ওঁ বং নমঃ বাম স্কন্ধে, ওঁ লং নমঃ ককুদি, ওঁ রং নমঃ দক্ষিণ স্কন্ধে, ওঁ যং নমঃ হৃদি, ওঁ মং নমঃ উদরে, ওঁ ভং নমঃ নাভৌ, ওঁ বং নমঃ পৃষ্ঠে, ওঁ ফং নমঃ বাম পার্শ্বে, ওঁ পং নমঃ দক্ষিণ পার্শ্বে, ওঁ নং নমঃ বামপাদ অঙ্গুলি অগ্রে, ওঁ ধং নমঃ বামপাদ অঙ্গুলিমূলে, ওঁ দং নমং বামপাদ গুল্‌ফে, ওঁ থং নমঃ বাম জানুনি, ওঁ তং নমঃ বামপাদমূলে, ওঁ ণং নমঃ দক্ষিণ পাদ অঙ্গুলি অগ্রে, ওঁ ঢং নমঃ দক্ষিণ পাদ অঙ্গুলি মূলে, ওঁ ডং নমঃ দক্ষিণ পাদ গুল্‌ফে, ওঁ ঠং নমঃ দক্ষিণ জানুনি, ওঁ টং নমঃ দক্ষিণ পাদমূলে, ওঁ ঞং নমঃ বাম করাঙ্গুল্যগ্রে, ওঁ ঝং নমঃ বাম করাঙ্গুলিমূলে, ওঁ জং নমঃ বামবাহু মণিবন্ধে, ওঁ ছং নমঃ বামবাহু কূর্পরে, ওঁ চং নমঃ বামবাহুমূলে, ওঁ ঙং নমঃ দক্ষিণ করাঙ্গুল্যগ্রে, ওঁ ঘং নমঃ দক্ষিণ কর অঙ্গুলিমূলে, ওঁ গং নমঃ দক্ষিণ কর মণিবন্ধে, ওঁ খং নমঃ দক্ষিণ বাহু কূর্পরে, ওঁ কং নমঃ দক্ষিণ বাহুমূলে, ওঁ অঃ নমঃ মুখে, ওঁ অং নমঃ মস্তকে, ওঁ ঔং নমঃ অধঃদন্তপংক্তৌ, ওঁ ওং নমঃ ঊর্দ্ধদন্তপংক্তৌ, ওঁ ঐং নমঃ অধরে, ওঁ এং নমঃ ওষ্ঠে, ওঁ ৡং নমঃ বাম গণ্ডে, ওঁ ঌং নমঃ দক্ষিণ গণ্ডে, ওঁ ৠং নমঃ বাম নাসাপুটে, ওঁ ঋং নমঃ দক্ষিণ নাসাপুটে, ওঁ ঊং নমঃ বাম কর্ণে, ওঁ উং নমঃ দক্ষিণ কর্ণে, ওঁ ঈং নমঃ বামনেত্রে, ওঁ ইং নমঃ দক্ষিণ নেত্রে, ওঁ আং নমঃ মুখবৃত্তে, ওঁ অং নমঃ ললাটে।

● বর্ণন্যাস—হ্লাদ—অং নমঃ হইতে ঌং নমঃ, দক্ষিণ হস্তে—এং নমঃ হইতে ঘং নমঃ, বামহস্তে—ঙং নমঃ হইতে ঢং নমঃ, দক্ষিণ পদে—ণং নমঃ হইতে ভং নমঃ, বাম পদে—মং নমঃ হইতে ক্ষং নমঃ পর্য্যন্ত বলিবে।

● পীঠন্যাস—দক্ষিণ হস্তের অনামিকা ও অঙ্গুষ্ঠ দ্বারা পুষ্প লইয়া ন্যাস করিবে। হৃদয়ে—ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ কূর্ম্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ, ওঁ সুধাম্বুধয়ে নমঃ, ওঁ মণিদ্বীপায় নমঃ, ওঁ চিন্তামণি গৃহায় নমঃ, ওঁ পারিজাতায় নমঃ, ওঁ কল্পবৃক্ষায় নমঃ, ওঁ মণিমাণিক্য বেদিকায়ৈ নমঃ। দক্ষিণ স্কন্ধে—ওঁ ধর্ম্মায় নমঃ। বাম স্কন্ধে—ওঁ জ্ঞানায় নমঃ। বাম উরুতে—ওঁ বৈরাগ্যায় নমঃ। দক্ষিণ উরুতে—ওঁ ঐশ্বর্য্যায় নমঃ। মুখে—ওঁ অধর্ম্মায় নমঃ। বাম পার্শ্বে—ওঁ অজ্ঞানায় নমঃ। নাভিতে—ওঁ অবৈরাগ্যায় নমঃ। দক্ষিণ পার্শ্বে—ওঁ অনৈশ্বর্য্যায় নমঃ। পুনরায় হৃদয়ে—ওঁ অং অনন্তায় নমঃ, ওঁ পং পদ্মায় নমঃ, ওঁ আনন্দকন্দায় নমঃ, ওঁ সম্বিন্নালায় নমঃ, ওঁ প্রকৃতিময় পত্রেভ্যঃ নমঃ, ওঁ বিকারময় কেশরেভ্যঃ নমঃ, ওঁ তত্ত্বময় কর্ণিকায়ৈ নমঃ, ওঁ অং সূর্য্যমণ্ডলায় দ্বাদশ কলাত্মনে নমঃ, ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শ কলাত্মনে নমঃ, ওঁ মং বহ্নিমণ্ডলায় দশ কলাত্মনে নমঃ। ওঁ সং সত্ত্বায় নমঃ, ওঁ রং রজসে নমঃ, ওঁ তং তমসে নমঃ, ওঁ আং আত্মনে নমঃ, ওঁ অং অন্তরাত্মনে নমঃ, ওঁ পং পরমাত্মনে নমঃ, ওঁ হ্রীং জ্ঞানাত্মনে নমঃ। হৃদয় পদ্মের পূর্ব্ব হইতে প্রতি কেশরে—ওঁ আং প্রভায়ৈ নমঃ, ওঁ ঈং মায়ায়ৈ নমঃ, ওঁ উং জয়ায়ৈ

নমঃ, ওঁ এং সূক্ষ্মায়ৈ নমঃ, ওঁ ঐং বিশুদ্ধায়ৈ নমঃ, ওঁ ওং নন্দিন্যৈ নমঃ, ওঁ ঔং সুপ্রভায়ৈ নমঃ, ওঁ অং বিজয়ায়ৈ নমঃ, ওঁ অঃ সর্ব্বসিদ্ধিদায়ৈ নমঃ। তাহার উপরে—বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহায় হুং ফট্ নমঃ।

● ঋষ্যাদিন্যাস—অস্য শ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গা মন্ত্রস্য নারদঋষির্গায়ত্রীচ্ছন্দঃ শ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গা দেবতা হ্রীং বীজং হুং শক্তিঃ দুং কীলকং পুরুষার্থ চতুষ্টয় সিদ্ধ্যর্থং শ্রীমজ্জগদ্ধাত্রীদুর্গা পূজায়াং বিনিয়োগঃ। অঙ্গুষ্ঠ অনামিকার দ্বারা (শিরসি) ওঁ নারদঋষয়ে নমঃ। (মুখে) ওঁ গায়ত্রীচ্ছন্দসে নমঃ। (হৃদি) ওঁ জগদ্ধাত্রীদুর্গায়ৈ দেবতায়ৈ নমঃ। (গুহ্যে) হ্রীং বীজায় নমঃ। (পাদয়োঃ) হুং শক্তয়ে নমঃ। (সর্ব্বাঙ্গে) দুং কীলকায় নমঃ।

● প্রাণায়াম—দূং এই মন্ত্র দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা দক্ষিণ নাসারন্ধ্র বন্ধ করিয়া বাম নাসারন্ধ্র দিয়া শ্বাস লইতে লইতে ষোলবার জপ করিবে। ইহার পর অনামিকা, মধ্যমা ও অঙ্গুষ্ঠ দ্বারা দুই নাসারন্ধ্র বন্ধ করিয়া ওই দূং মন্ত্র ৬৪ বার জপ করিবে। আবার অঙ্গুষ্ঠটি তুলিয়া লইয়া দক্ষিণ নাসারন্ধ্র দিয়া শ্বাস ত্যাগ করিতে করিতে ওই দূং মন্ত্র ৩২ বার জপ করিবে। ইহার পর পূর্ব্বের মত মন্ত্রটি ১৬।৬৪।৩২ বার জপ করিতে করিতে দক্ষিণ নাসারন্ধ্র দিয়া শ্বাস লইবে। বন্ধ করিবে ও বাম নাসারন্ধ্র দিয়া ত্যাগ করিবে। পুনরায় আর একবার ওই মন্ত্র ১৬।৬৪।৩২ বার জপ করিতে করিতে বাম নাসারন্ধ্র দিয়া শ্বাস লইবে, বন্ধ করিবে ও ত্যাগ করিবে।

● করন্যাস—ওঁ দাম্ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ওঁ দীং তর্জ্জনীভ্যাং স্বাহা, ওঁ দূং মধ্যমাভ্যাং বষট্, ওঁ দৈং অনামিকাভ্যাং হুং, ওঁ দৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্ ওঁ দঃ করতল পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্।

● অঙ্গন্যাস—ওঁ দাং হৃদয়ায় নমঃ, ওঁ দীং শিরসে স্বাহা, ওঁ দূং শিখায়ৈ বষট্, ওঁ দৈং কবচায় হুং, ওঁ দৌং নেত্রত্রয়ায় বৌষট্, ওঁ দঃ অস্ত্রায় ফট্।

● ষোড়ান্যাস—মস্তকে ওঁ, মূলাধারে স্ত্রীং, লিঙ্গে এং, নাভৌ ক্রীং, হৃদি ঐং, কণ্ঠে ক্লীং, ভ্রুমধ্যে সৌং, দক্ষিণ হস্তে ওঁ, বামহস্তে শ্রীং, দক্ষিণ পাদে হ্রীং, বামপাদে ক্লীং, পৃষ্ঠে ক্রৌং।

● বীজন্যাস—ব্রহ্মরন্ধ্রে দূং, ভ্রূমধ্যে দূঁ, ললাটে দূঁ, নাভৌ হূঁ, গুহ্যে হূঁ, মুখে হ্রীং, সর্ব্বাঙ্গে দূঁ।

● তত্ত্বন্যাস—দং আত্মতত্ত্বায় স্বাহা পা হইতে নাভি পর্য্যন্ত, উং বিদ্যাতত্ত্বায় স্বাহা নাভি হইতে হৃদয় পর্য্যন্ত, উং শিবতত্ত্বায় স্বাহা হৃদয় হইতে মস্তক পর্য্যন্ত।

● ব্যাপকন্যাস—দূং এই মন্ত্র বলিতে বলিতে মাথা হইতে পা পর্য্যন্ত আবার পা হইতে মাথা পর্য্যন্ত তিনবার দুইহাত চালনা করিবে। ইহার পর তান্ত্রিক ঘটস্থাপন, সূত্রবেষ্টন ও কাণ্ডরোপণ করিতে হইবে।

● সূত্রবেষ্টন—ওঁ সূত্রামানং পৃথ্বীং দ্যা মনেহসং সুশর্ম্মাণমদিতিং, সুপ্রণীতিং দেবীং নাবং স্বরিত্রা মনাগসমস্রবন্তী মারুহেমা স্বস্তয়ে।

● কাণ্ডরোপণ—ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তী পরুষঃ পরুস্পরি। এবানো দূর্ব্বে প্রতনু সহস্রেন শতেন চ।

● তান্ত্রিক ঘটস্থাপন—প্রতিমার সম্মুখে ভূমিতে পঞ্চগুঁড়ি দ্বারা অষ্টদল পদ্ম আঁকিয়া তাহার উপর মৃত্তিকা দিয়া পঞ্চশস্য ছড়াইয়া ঘটটি তাহাতে বসাইবে। জলে পূর্ণ করিয়া ঘটের মধ্যে সিদ্ধি ও পঞ্চরত্ন

দিবে। পঞ্চপল্লব (আম্র, কাঁঠাল, বট, অশ্বত্থ ও বকুল বা আম্র, কাঁঠাল, বট, কৎবেল ও বকুল) দিয়া তাহার উপর একসরা চাউল ও একটি সশীষ ডাব ও তাহার উপর এক অখণ্ড ছড়া রম্ভা দিয়া বস্ত্র বা গামছা দিয়া চাপা দিবে। ঘটে ও ডাবের উপর সিন্দূর দিয়া পুতুল আঁকিবে। তারপর তাহার উপরে বিল্বপত্র ও পুষ্প দিয়া কুশের ত্রিপত্র দিয়া ঘটের বিভিন্ন অংশ স্পর্শ করিয়া মন্ত্র বলিবে। ক্লীং বলিয়া ঘটে জলের ছিটা দিয়া ধৌত করিবে। ঐং বলিয়া পুনরায় জলের ছিটা দিবে। হ্রীং বলিয়া ঘটটি বসাইবে। হ্রীং বলিয়া ঘটটি জল দ্বারা পূর্ণ করিবে। ঘট স্পর্শ করিয়া—ওঁ গঙ্গাদ্যাঃ সরিতঃ সর্ব্বাঃ সরাংসি জলদা নদাঃ। হ্রদাঃ প্রস্রবণাঃ পুণ্যাঃ স্বর্গ পাতাল ভূগতাঃ। সর্ব্ব তীর্থানি পুণ্যানি ঘটে কুর্ব্বন্তু সন্নিধিম্।। শ্রীং বলিয়া পল্লব স্পর্শ করিবে। হুং বলিয়া ফল স্পর্শ করিবে। স্ত্রীং বলিয়া স্থিরীকরণ করিবে। রং বলিয়া সিন্দূর স্পর্শ করিবে, যং বলিয়া পুষ্প স্পর্শ করিবে। দূং বলিয়া ঘটের উপর দূর্ব্বা দিবে। ওঁ বলিয়া ঘটে জলের ছিটা দিবে। হুঁ ফট্ স্বাহা বলিয়া স্পর্শ করিবে। পূজক চন্দন এবং সিন্দূর দ্বারা নিজ ললাটে ত্রিপুণ্ড্র আঁকিয়া—ওঁ হ্রীং আত্মতত্ত্বায় স্বাহা, ওঁ হ্রীং বিদ্যাতত্ত্বায় স্বাহা, ওঁ হ্রীং শিবতত্ত্বায় স্বাহা বলিয়া পুনর্ব্বার আচমন করিবে। ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ দিবীব চক্ষুরাততম্ বলিবে। তারপর ডান হাতে জল লইয়া ওঁ বজ্রোদকে হুং ফট্ স্বাহা বলিয়া আসনে জলের ছিটা দিবে। ওঁ হ্রীং বিশুদ্ধ সর্ব্বপাপানি শময়াশেষ বিকল্প মপনয় হুং ফট্ স্বাহা বলিয়া মনে মনে হস্ত পদাদি ধৌত হইয়াছে মনে করিবে।

[illegible] বিল্বপত্র লইয়া দেবীর ধ্যান করিবে। ওঁ সিংহস্কন্ধাধিসংরূঢ়াং নানালঙ্কারভূষিতাং। চতুর্ভুজাং মহাদেবীং নাগযজ্ঞোপবীতিনীং। শঙ্খশার্ঙ্গ সমাযুক্ত বামপাণি দ্বয়ান্বিতাং। চক্রঞ্চ পঞ্চবাণাংশ্চ ধারয়ন্তীঞ্চ দক্ষিণে। রক্তবস্ত্র পরীধানাং বালার্ক সদৃশ্রীং তনুং। নারদাদ্যৈর্মুনিগণৈঃ সেবিতাং সর্ব্বসিদ্ধিদাম্। ত্রিবলী বলয়োপেতাং নাভিনাল মৃণালিনীম্। রত্নদ্বীপে মহাদ্বীপে সিংহাসন সমন্বিতে। প্রফুল্ল কমলারূঢ়াং ধ্যায়েত্তাং ভবসুন্দরীং (ভবগেহিনীম্)। এইভাবে ধ্যান করিয়া হাতের পুষ্প বিল্বপত্রটি নিজের মস্তকে লইয়া মানস উপচারে পূজা করিবে।

কূর্ম্ম মুদ্রা

● মানসপূজা—নিজ বক্ষে দুই হাতের তালু রাখিয়া মনে মনে চিন্তা করিবে যে আমার হৃদয় পদ্ম দেবীর আসন, সেই পদ্ম হইতে নির্গত মধুধারা দেবীর পাদ্য, মন দেবীর অর্ঘ্য, পদ্মের নির্গত অমৃতধারা দেবীর আচমনীয়, দেবীর স্নানীয়, দেহাকাশ দেবীর বস্ত্র, নিজ কর্ম্মফল দেবীর গন্ধ, নিজ চিত্ত দেবীর পুষ্প, ধূপ, নিজ তেজ দেবীর দীপ, সুধার সাগর দেবীর নৈবেদ্য, অনাহত ধ্বনি দেবীর ঘণ্টা, বায়ুতত্ত্ব দেবীর চামর, সহস্রার চক্র দেবীর ছত্র, শব্দতত্ত্ব দেবীর গীতবাদ্য, ইন্দ্রিয় কর্ম্মসকল দেবীর নৃত্য এই রূপ কল্পনা করিয়া মনে মনে এই দেহ সমগ্র দেবীর পাদপদ্মে অর্পণ করাই মানস পূজা।

প্রার্থনা মুদ্রা

● বিশেষার্ঘ্য স্থাপন—পূজক নিজের বামদিকে ভূমিতে একটি ত্রিকোণমণ্ডল জল দ্বারা অঙ্কিত করিয়া তাহার উপর ত্রিপদিকা রাখিবে। ফট্ এই মন্ত্রে শঙ্খটি ধুইয়া তাহার উপর স্থাপন করিবে। নমঃ মন্ত্রে ঐ শঙ্খের উপর গন্ধ, পুষ্প, দূর্ব্বা, আতপচাউল ও বিল্বপত্র দিবে। কুশীতে জল লইয়া দুং এবং বিলোম মাতৃকাবর্ণ যথা—ওঁ ক্ষং লং হং সং ষং শং বং লং রং যং মং ভং বং ফং পং নং ধং দং থং তং ণং ঢং ডং ঠং টং ঞং ঝং জং ছং চং ঙং ঘং গং খং কং অঃ অং ঔং ওং ঐং এং ৡং ঌং ৠং ঋং ঊং উং ঈং ইং আং অং দুং বলিয়া শঙ্খটির তিনভাগ পরিমিত অংশ জল দ্বারা পূর্ণ করিয়া এতে গন্ধপুষ্পে ওঁ মং বহ্নিমণ্ডলায় দশ কলাত্মনে নমঃ বলিয়া ত্রিপদিকাতে একটি গন্ধপুষ্প দিবে। পুনরায় একটি গন্ধপুষ্প লইয়া এতে গন্ধপুষ্পে ওঁ অং সূর্য্যমণ্ডলায় দ্বাদশ কলাত্মনে নমঃ বলিয়া শঙ্খে ও আবার গন্ধপুষ্প লইয়া এতে গন্ধপুষ্পে ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শ কলাত্মনে নমঃ বলিয়া জলে দিয়া পূজা করিবে। পুনরায় এক একটি গন্ধপুষ্প লইয়া শঙ্খের উপর মন্ত্র বলিয়া ওঁ দাং হৃদয়ায় নমঃ, ওঁ দীং শিরসে স্বাহা, ওঁ দূং শিখায়ৈ বষট্, ওঁ দৈং কবচায় হুং, ওঁ দৌং নেত্রত্রয়ায় বৌষট, ওঁ দঃ অস্ত্রায় ফট্ দিবে। ওই শঙ্খের জলে অঙ্কুশ মুদ্রায় ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি নর্ম্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু। বলিয়া সূর্য্যমণ্ডল

গালিনী মুদ্রা

আবাহনাদি পঞ্চমুদ্রা দেখাইয়া ওঁ শ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গে দেবি ইহাবহ ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ ইহসন্নিধেহি ইহসন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু বলিয়া আবাহন করিবে। হুং বলিয়া অবগুণ্ঠন মুদ্রা, বষট বলিয়া গালিনী মুদ্রা দেখাইবে। বৌষট বলিয়া জলে দৃষ্টি দিয়া অস্ত্র মুদ্রার সংরক্ষণ করিয়া ওঁ দূং জগদ্ধাত্রী দুর্গায়ৈ নমঃ মন্ত্রে একটি গন্ধপুষ্প শঙ্খের উপর দিয়া মৎস্য মুদ্রা দ্বারা আচ্ছাদন করিয়া দূং মন্ত্রটি শঙ্খের উপর দশবার জপ করিয়া বং মন্ত্রে ধেনু মুদ্রায় অমৃতীকরণ করিয়া—দূং মন্ত্রে শঙ্খের কিছু জল কোশায় ঢালিয়া সেই কোশার জল কুশের ত্রিপত্র দ্বারা নিজ অঙ্গে ও পূজার উপকরণাদিতে ছিটাইয়া দিবে।

● গণেশাদি পঞ্চদেবতার পূজা—প্রথমে পূর্ব্বমত আবাহনাদি পঞ্চমুদ্রা প্রদর্শন করিয়া ওঁ গণেশ ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহতিষ্ঠ ইহতিষ্ঠ ইহ সন্নিধেহি ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু মন্ত্র বলিয়া ওঁ গাম্ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ওঁ গীং তর্জ্জনীভ্যাং স্বাহা, ওঁ গূং মধ্যমাভ্যাং বষট্, ওঁ গৈম্ অনামিকাভাং হুং, ওঁ গৌ কনিষ্ঠাভ্যাং বৌষট্, ওঁ গঃ করতল পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্ বলিয়া করন্যাস ও ওঁ গাং হৃদয়ায় নমঃ, ওঁ গীং শিরসে স্বাহা, ওঁ গূং শিখায়ৈ বষট্, ওঁ গৈং কবচায় হুং, ওঁ গৌং নেত্রত্রয়ায় বৌষট্, ওঁ গঃ অস্ত্রায় ফট্ বলিয়া অঙ্গন্যাস করিয়া কূর্ম্মমুদ্রায় পুষ্প বিল্বপত্র লইয়া ধ্যান করিবে। ওঁ খর্ব্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরং প্রস্যন্দন্মদ গন্ধলুব্ধ মধুপ ব্যালোল গণ্ডস্থলম্। দন্তাঘাত বিদারিতারি রুধিরৈঃ সিন্দূর শোভাকরং, বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কামদং (কর্ম্মসু)। তারপর পুষ্পটি ঘটে দিয়া দশ

উপচারে পূজা করিবে। যথা—এতৎ পাদ্যার্থোদকং ওঁ গাং গণেশায় নমঃ, ইদম্ অর্ঘ্যং ওঁ গাং গণেশায় নমঃ, (সামবেদীয় ভিন্ন অন্যেরা ইদম্ অর্ঘ্যং স্থলে এষঃ অর্ঘ্য বলিবে) ইদম্ আচমনীয়ার্থোদকং ওঁ গাং গণেশায় নমঃ, ইদম্ স্নানীয়ার্থোদকং ওঁ গাং গণেশায় নমঃ, এষঃ গন্ধ ওঁ গাং গণেশায় নমঃ, ইদম্ সচন্দন পুষ্পং ওঁ গাং গণেশায় নমঃ, এষঃ ধূপঃ ওঁ গাং গণেশায় নমঃ, এষঃ দীপ ওঁ গাং গণেশায় নমঃ, এতন্নৈবেদ্যং ওঁ গাং গণেশায় নমঃ, এতৎ পানীয়ার্থোদকং ওঁ গাং গণেশায় নমঃ এতৎ আচমনীয়ার্থোদকং ওঁ গাং গণেশায় নমঃ। এতৎ পুনরাচমনীয়ার্থোদকং গাং গণেশায় নমঃ, এতৎ তাম্বুলং ওঁ গাং গণেশায় নমঃ, তারপর জোড়হাতে প্রণাম করিবে। প্রণাম মন্ত্র—ওঁ দেবেন্দ্র মৌলিমন্দার মকরন্দ কণারুণাঃ। বিঘ্নং হরন্তু হেরম্ব চরণাম্বুজ রেণবঃ।। যথাশক্তি জপ করিবে। জপ মন্ত্র—ওঁ গাং গণেশায় নমঃ। জপান্তে জপ সমর্পণ করিবে। মন্ত্র—ওঁ গুহ্যাতি গুহ্য গোপ্তাত্বং গৃহানাস্মৎ কৃতং জপম্। সিদ্ধির্ভবতু মে দেব ত্বৎ প্রসাদাৎ সুরেশ্বরঃ।।

● সূর্য্যপূজা—পূর্ব্ববৎ আবাহনাদি পঞ্চমুদ্রা দেখাইয়া ওঁ ভগবদ্দেব সূর্য্য ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহতিষ্ঠ ইহতিষ্ঠ ইহসন্নিধেহি ইহসন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু। এই মন্ত্র বলিয়া আবাহন করিবে। পূর্ব্ববৎ 'সাং' এই মন্ত্রটি বলিয়া করন্যাস ও অঙ্গন্যাস করিয়া কূর্ম্মমুদ্রায় পুষ্প ও বিল্বপত্র লইয়া ধ্যান করিবে। ওঁ রক্তাম্বুজাসনমশেষ গুণৈক সিন্ধুং ভানুং সমস্ত জগতামধিপং ভজামি। পদ্মদ্বয়াভয়বরান দধতং করাব্জৈঃ

৩ মাণিক্য মৌলি মরুণাংশুরুচিং ত্রিনেত্রং এই মন্ত্রে ধ্যান করিয়া পুষ্পটি ঘটে দিবে। পূর্ব্ববৎ দশ উপচারে ওঁ শ্রীসূর্য্যায় নমঃ বলিয়া পূজা করিবে। প্রণাম মন্ত্র—ওঁ জবাকুসুম সঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্। ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্॥ প্রণাম করিয়া যথাশক্তি জপ করিবে ও জপ সমর্পণ মন্ত্র বলিবে। জপ মন্ত্র—ওঁ শ্রীসূর্য্যায় নমঃ।

● দুর্গাপূজা—পূর্ব্ববৎ ওঁ দুর্গে ইহাগচ্ছ ইহাগচ্ছ ইত্যাদি বলিয়া আবাহনাদি পঞ্চমুদ্রা দেখাইয়া আবাহন করিবে। ওঁ হ্রাম্ এই মন্ত্রে করন্যাস ও অঙ্গন্যাস করিয়া কূর্ম্মমুদ্রায় জবাপুষ্প ও বিল্বপত্র লইয়া ধ্যান করিবে। ধ্যান—ওঁ কালাভ্রাভাং কটাক্ষৈররিকুল ভয়দাং মৌলি বদ্ধেন্দুরেখাং শঙ্খং চক্রং কৃপাণং ত্রিশিখমপি করৈ রুদ্বহন্তীং ত্রিনেত্রাং সিংহস্কন্ধাধিরূঢ়াং ত্রিভুবনমখিলং তেজসা পূরয়ন্তীং ধ্যায়েদ্দুর্গাং জয়াখ্যাং ত্রিদশ পরিবৃতাং সেবিতাং সিদ্ধিকামৈঃ॥ অথবা ওঁ সিংহস্থা শশিশেখরা মরকত প্রেক্ষা চতুর্ভির্ভুজৈঃ শঙ্খং চক্রং ধনুঃ শরাংশ্চ দধতীং নেত্রৈস্ত্রিভিঃ শোভিতা। আমুক্তাঙ্গদহার কঙ্কণ রণৎ কাঞ্চিক্বনন্ নূপুরা দুর্গা দুর্গতিহারিণী ভবতু মে রত্নোল্লসৎকুণ্ডলা॥ ধ্যান করিয়া পুষ্পটি ঘটে দিবে। পূর্ব্ববৎ দশ উপচারে ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ মন্ত্রে পূজা করিবে। পূজার অন্তে প্রণাম করিবে—ওঁ সর্ব্বমঙ্গল মঙ্গল্যে শিবে সর্ব্বার্থ সাধিকে। শরণ্যে ত্র্যম্বকে গৌরি [illegible] ণি নমোঽস্তুতে॥ যথাশক্তি ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ বলিয়া জপ করিয়া জপ সমর্পণ মন্ত্রে জপ সমর্পণ করিবে। ওঁ গুহ্যাতি গুহ্য গোপ্ত্রীত্বং গৃহাণাস্মৎ কৃতং জপম্। সিদ্ধির্ভবতু তদ্দেবী তৎপ্রসাদাৎ সুরেশ্বরী।

● শিবপূজা—পূর্ব্ববৎ ওঁ শিব ইহাগচ্ছ ইত্যাদি মন্ত্রে আবাহনাদি পঞ্চ মুদ্রা প্রদর্শন করিয়া শিবের আবাহন করিবে। 'ওঁ শাং' এই মন্ত্রে করন্যাস ও অঙ্গন্যাস করিয়া কূর্ম্মমুদ্রায় সচন্দন বিল্বপত্র ও পুষ্প লইয়া ধ্যান করিবে—ওঁ ধ্যায়েন্নিত্যং মহেশং রজত গিরিনিভং চারুচন্দ্রাবতংসং রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং পরশু মৃগবরাভীতি হস্তং প্রসন্নং। পদ্মাসীনং সমন্তাৎ স্তুত মমরগণৈ র্ব্যাঘ্রকৃত্তিং বসানং বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখিল ভয়হরং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রং। ধ্যান করিয়া পুষ্প বিল্বপত্রটি ঘটে দিয়া দশ উপচারে ওঁ নমঃ শিবায় বলিয়া পূজা করিয়া অষ্টমূর্ত্তির পূজা করিবে। একটি একটি সচন্দন পুষ্প লইয়া—এতে গন্ধপুষ্পে ওঁ সর্ব্বায় ক্ষিতিমূর্ত্তয়ে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ ভবায় জলমূর্ত্তয়ে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ রুদ্রায় অগ্নিমূর্ত্তয়ে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ উগ্রায় বায়ুমূর্ত্তয়ে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ ভীমায় আকাশমূর্ত্তয়ে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ পশুপতয়ে যজমান মূর্ত্তয়ে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ মহাদেবায় সোমমূর্ত্তয়ে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ ঈশানায় সূর্য্যমূর্ত্তয়ে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং শক্তিমধ্যে দুর্গায়ৈ নমঃ বলিয়া পূজা করিবে। অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা বম্ বম্ করিয়া গালবাদ্য করিবে। প্রণাম মন্ত্র—ওঁ নমঃ শিবায় শান্তায় কারণত্রয় হেতবে। নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বরঃ। ওঁ মহাদেবং মহাত্রাণং মহাযোগিনমীশ্বরং। মহাপাপ হরং দেব ম কারায় নমো নমঃ। 'ওঁ নমঃ শিবায়' বলিয়া যথাশক্তি জপ করিয়া পূর্ব্ববৎ পরুষ দেবতার জপ সমর্পণ

● নারায়ণপূজা—শালগ্রাম শিলায় আবাহন নাই। ওঁ নাম মন্ত্রে করন্যাস ও অঙ্গন্যাস করিয়া কূর্ম্মমুদ্রায় শ্বেতচন্দন যুক্ত সাদা ফুল ও তুলসীপত্র লইয়া ধ্যান করিবে—ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডল মধ্যবর্ত্তী, নারায়ণঃ সরসিজাসন সন্নিবিষ্টঃ। কেয়ূরবান্ কনককুণ্ডলবান্ কিরীটীহারী হিরণ্ময়বপুর্ধৃত শঙ্খ চক্রঃ॥ ধ্যান করিয়া পুষ্প তুলসীপত্রটি নারায়ণ শিলায় দিবে। ষোড়শ উপচারে পূজা করিবে। যথা—এতৎ রজতাসনং ওঁ নমো নারায়ণায় নমঃ। ওঁ নারায়ণ স্বাগতং সুস্বাগতং সুখেন আগতং তে। এতৎ পাদ্যার্থোদকং ওঁ নমো নারায়ণায় নমঃ। ইদম্ অর্ঘ্যম্ ওঁ নমো নারায়ণায় নমঃ। (সামবেদীয় ভিন্ন অপরে ইদম্ অর্ঘ্যম্ স্থলে এষঃ অর্ঘ্যঃ বলিবে।) এতৎ আচমনীয়ার্থোদকং ওঁ নমো নারায়ণায় নমঃ। এষঃ মধুপর্কঃ ওঁ নমো নারায়ণায় নমঃ। এতৎ পুনরাচমনীয়ার্থোদকং নমো নারায়ণায় নমঃ। এতৎ স্নানীয়ার্থোদকং নমো নারায়ণায় নমঃ। এতৎ বস্ত্রং ওঁ নমো নারায়ণায় নমঃ। এতদ্ রজতাভরণম্ ওঁ নমো নারায়ণায় নমঃ। এষঃ গন্ধঃ ওঁ নমো নারায়ণায় নমঃ॥ এতৎ পুষ্পং ওঁ নমো নারায়ণায় নমঃ। এতৎ সচন্দন তুলসীপত্রং ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে পরমাত্মনি স্বাহা। এষঃ ধূপঃ ওঁ নমো নারায়ণায় নমঃ। এষঃ দীপঃ ওঁ নমো নারায়ণায় নমঃ। এতদামান্ন নৈবেদ্যং ওঁ নমো নারায়ণায় নমঃ। এতদাচমনীয়ার্থোদকং ওঁ নমো নারায়ণায় নমঃ। এতৎ পুনরাচমনীয়ার্থোদকং ওঁ নমো নারায়ণায় নমঃ। এতৎ তাম্বুলং ওঁ নমো নারায়ণায় নমঃ। হাতজোড় করিয়া প্রণাম করিবে—ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণ হিতায় চ। জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥

'ওঁ নমো নারায়ণায় নমঃ' মন্ত্রে যথাশক্তি জপ করিয়া পুরুষ দেবতার জপ সমর্পণ মন্ত্রে জপ সমাপ্ত করিবে। এই অবসরে আচার বশতঃ অগ্নিপূজা করিবে।

● অগ্নিপূজা—ওঁ অগ্নে ইহাগচ্ছ ইত্যাদি মন্ত্রে আবাহনাদি পঞ্চমুদ্রা প্রদর্শন করিয়া 'ওঁ আং' প্রভৃতি মন্ত্রে করন্যাস ও অঙ্গন্যাস করিয়া কূর্ম্ম মুদ্রায় পুষ্প লইয়া ধ্যান করিবে—ওঁ পিঙ্গভ্রুশ্মশ্রুকেশাক্ষ পীনাঙ্গ জঠরোহরুণঃ। ছাগস্থঃ সাক্ষসূত্রোহগ্নিঃ সপ্তার্চ্চিঃ শক্তিধারকঃ।। ধ্যান করিয়া পুষ্পটি ঘটে দিয়া ওঁ অগ্নয়ে নমঃ মন্ত্রে দশ উপচারে পূজা করিবে। প্রণাম মন্ত্র—ওঁ অগ্নিমীড়ে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজং হোতারং রত্নধাতমম্।। ওঁ আয়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে নিহোতা সৎসি বর্হিষি। ইহার পর একটি সচন্দন পুষ্প লইয়া এতে গন্ধপুষ্পে আদিত্যাদি নবগ্রহেভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ইন্দ্রাদি দশদিকপালেভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে মৎস্যাদি দশবতারেভ্যো নমঃ। ইহার পর পীঠপূজা।

● পীঠপূজা—পঞ্চগুঁড়ির দ্বারা নির্ম্মিত সর্ব্বতোভদ্রমণ্ডল বা অষ্টদল পদ্মে পূজা করিবে—এতে গন্ধপুষ্পে ওঁ মণ্ডলায় নমঃ। আবাহনাদি পঞ্চমুদ্রা দেখাইয়া ওঁ পীঠদেবতাঃ ইহাগচ্ছত ইহাগচ্ছত ইহতিষ্ঠত ইহতিষ্ঠত ইহসন্নিধত্ত ইহসন্নিরুধ্যধ্বম্ অত্রাধিষ্ঠানং কুরুত মম পূজাং গৃহ্নীত। এতে গন্ধপুষ্পে ওঁ গুরুভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ পরমগুরুভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ পরাপরগুরুভ্যো নমঃ।

ওঁ গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ প্রকৃত্যৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ কূর্ম্মায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ অনন্তায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ পৃথিব্যৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ সুধাম্বুধয়ে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ মণিদ্বীপায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ চিন্তামণি গৃহায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ পারিজাতায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ কল্পবৃক্ষায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ মণিমাণিক্য বেদিকায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ ধর্ম্মায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ জ্ঞানায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ বৈরাগ্যায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ ঐশ্বর্য্যায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ অধর্ম্মায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ অজ্ঞানায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ অবৈরাগ্যায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ অনৈশ্বর্য্যায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ অং অনন্তায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ পং পদ্মায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ আনন্দকন্দায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ সম্বিন্নালায় নমঃ। এতে গন্ধপুষ্পে প্রকৃতিময় পত্রেভ্যো নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ বিকারময় কেশরেভ্য নম। এতে গন্ধপুষ্পে ওঁ তত্ত্বময় কর্ণিকায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ অর্কমণ্ডলায় দ্বাদশ কলাত্মনে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শ কলাত্মনে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ মং বহ্নিমণ্ডলায় দশ কলাত্মনে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ সত্ত্বায় নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ রং রজসে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ তং তমসে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ আং আত্মনে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ অং অন্তরাত্মনে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ পং পরমাত্মনে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং জ্ঞানাত্মনে নমঃ।

পূর্ব্বাদি অষ্টকেশরে—এতে গন্ধপুষ্পে ওঁ আং প্রভায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ ঈং মায়ায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ ঊং জয়ায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ এং সূক্ষ্মায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ ঐং বিশুদ্ধায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ ওং নন্দিন্যৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ ঔং সুপ্রভায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ অং বিজয়ায়ৈ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ অঃ সর্ব্বসিদ্ধিদায়ৈ নমঃ। তদুপরি এতে গন্ধপুষ্পে ওঁ বজ্রনখদংষ্ট্রায়ুধায় মহাসিংহায় হুং ফট্ নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং শঙ্খনিধয়ে নমঃ। এতে গন্ধপুষ্পে ওঁ হ্রীং পদ্মনিধয়ে নমঃ। তারপর ওঁ হ্রাম্ অঙ্গুষ্ঠায় নমঃ ইত্যাদিক্রমে পূর্ব্ববৎ করন্যাস ও অঙ্গন্যাস পুনরায় কূর্ম্মমুদ্রায় বিল্বপত্র জবাপুষ্প চন্দন মাখাইয়া লইয়া দেবীর ধ্যান করিবে—ওঁ সিংহ স্কন্ধাধিসংরূঢ়াং নানালঙ্কার ভূষিতাং। চতুর্ভুজাং মহাদেবীং নাগযজ্ঞোপবীতিনীম্॥ শঙ্খ শার্ঙ্গ সমাযুক্ত বামযুক্ত দ্বয়ান্বিতাং, চক্রঞ্চ পঞ্চবাণাংশ্চ ধারয়ন্তীঞ্চ দক্ষিণে। রক্তবস্ত্র পরীধানাং বালার্কসদৃশী তনুং। নারদাদ্যৈর্মুনিগণৈঃ সেবিতাং সর্ব্বসিদ্ধিদাম্। ত্রিবলী বলয়ো পেতাং নাভিনাল মৃণালিনীম্। রত্নদ্বীপে মহাদ্বীপে সিংহাসন সমন্বিতে। প্রফুল্ল কমলারূঢ়াং ধ্যায়েত্ত্বাং ভবসুন্দরীং (ভবগেহিনীং)। ধ্যান করিয়া পুষ্পটি দক্ষিণ হস্তের তালুতে লইয়া নিজ তেজ সুষুম্না পথে নাসিকা রন্ধ্রপথে নির্গত করিয়া করস্থ মাতৃকা পদ্মে পুষ্পে চৈতন্য চিন্তা করিয়া মূলযন্ত্রে মূলমন্ত্র কল্পিত মূর্ত্তিতে পুষ্পটি দিয়া দেবীর আবাহন করিবে।

● যন্ত্র প্রমাণ—ত্রিকোণ ত্রিতয়ং চাদৌ ত্রিবিম্ব সহিতং ততঃ। অষ্টপত্রং ...

উত্তঃ। যন্ত্রভূপুর সংযুক্তং বালার্কোদ্ভাবনামুনা। তত্রত্বাং পূজয়েদ্দেবীং মূল প্রকৃতি রূপিণীং॥) ওঁ দেবেশি ভক্তিসুলভে পরিবার সমন্বিতে। যাবত্ত্বাং পূজয়িষ্যামি তাবত্ত্বং সুস্থিরা ভব॥ জোড়হাতে এই মন্ত্র পাঠ করিয়া ওঁ শ্রীমজ্জগদ্ধাত্রী দুর্গে দেবি ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহতিষ্ঠ ইহতিষ্ঠ ইহসন্নিধেহি ইহসন্নিধেহি ইহসন্নিরুধ্যস্ব ইহসন্নিহিতা ভব। এই মন্ত্রে আবাহনাদি পঞ্চমুদ্রা প্রদর্শন করিয়া দেবীর আবাহন করিবে। হুং মন্ত্র বলিয়া অবগুণ্ঠন মুদ্রা দেখাইয়া দেবীর হৃদয়ে হাত দিয়া ওঁ দাং হৃদয়ায় নমঃ, ওঁ দীং শিরসে স্বাহা, ওঁ দূং শিখায়ৈ বষট্, ওঁ দৈং কবচায় হুং, ওঁ দৌং নেত্রত্রয়ায় বৌষট্, ওঁ দঃ করতল পৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্ মন্ত্রে দেবীর অঙ্গে ষড়ঙ্গমুদ্রা দেখাইয়া পরমীকরণ মুদ্রা দ্বারা পরমীকরণ করিয়া ভূতিনী, যোনি, আকর্ষিণী মুদ্রা দেখাইবে। ইহার পর চক্ষুর্দ্দান ও প্রাণপ্রতিষ্ঠা করিবে।

জগদ্ধাত্রী যন্ত্রম্

পরমীকরণ মুদ্রা

ভূতিনীমুদ্রা

● চক্ষুর্দ্দান—বিল্বপত্রে ঘৃতের কাজল করিয়া বিল্বপত্রের বোঁটার দ্বারা গায়ত্রীপাঠ করিয়া প্রথমে ঊর্দ্ধনেত্র, পরে বামনেত্র ও শেষে দক্ষিণ নেত্রে কাজল দিয়া চক্ষুর্দ্দান করিবে। অথবা অতিরিক্ত বিশেষ মন্ত্র অনুসারেও চক্ষুর্দ্দান করা চলে। মন্ত্র—ঊর্দ্ধনেত্রে—ওঁ কয়ানশ্চিত্র আভুব দূতী সধাবৃধঃ সখা।

কয়া শচিষ্টয়া বৃতা। বামনেত্রে—ওঁ আপ্যায়স্ব সমেতুতে বিশ্বতঃ সোমবৃষ্ণ্যম্। ভবা বাজস্য সঙ্গথে। দক্ষিণ নেত্রে—ওঁ চিত্রং দেবানামুদগাদনীকং চক্ষুর্ম্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ আপ্রাদ্যাবা পৃথিবীং চান্তরিক্ষমথো স্বঃ।

